ISSN 2227-9776

সি এস ই
বাজার পরিক্রমা

অক্টোবর ২০১৯

CHITTAGONG STOCK EXCHANGE

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ

বোর্ড অব ডাইরেক্টরস্

মেজর জেনারেল মোহাম্মদ শামীম চৌধুরী, এনডব্লিউসি, পিএসসি (অবঃ)	চেয়ারম্যান
প্রফেসর মমতাজ উদ্দিন আহমেদ এফসিএমএ	ডাইরেক্টর
ড. মোহাম্মদ আইয়ুব ইসলাম	ডাইরেক্টর
ডাঃ মইনুল ইসলাম মাহমুদ	ডাইরেক্টর
প্রফেসর এস. এম. সালামত উল্লাহ ভুঁইয়া	ডাইরেক্টর
প্রদীপ পাল এফসিএমএ, এফসিএ	ডাইরেক্টর
এস. এম. আবু তৈয়ব	ডাইরেক্টর
মীর্জা সালমান ইস্পাহানী	ডাইরেক্টর
মেজর (অবঃ) মোঃ এমদাদুল ইসলাম	ডাইরেক্টর
শাহজাদা মাহমুদ চৌধুরী	ডাইরেক্টর
মোঃ ছায়েদুর রহমান	ডাইরেক্টর
মোঃ গোলাম ফারুক	ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক

প্রাক্তন প্রেসিডেন্ট/চেয়ারম্যানবৃন্দ

আমির খসরু মাহমুদ চৌধুরী	০১.০৪.১৯৯৫ থেকে ২৪.১২.২০০১
মীর্জা সালমান ইস্পাহানী	২৫.১২.২০০১ থেকে ১৮.১১.২০০৩
হাবিবুল্লাহ খান	১৯.১১.২০০৩ থেকে ১৪.১২.২০০৫
এমকেএম মহিউদ্দিন	১৫.১২.২০০৫ থেকে ১৫.১১.২০০৭
নাসিরউদ্দিন আহমেদ চৌধুরী	১৬.১১.২০০৭ থেকে ০৮.১১.২০০৯
ফখর উদ্দিন আলী আহমেদ	০৮.১১.২০০৯ থেকে ০১.১২.২০১১
আল-মারুফ খান এফ.সি.এ.	০২.১২.২০১১ থেকে ১৫.০২.২০১৪
ড. মোহাম্মদ আবদুল মজিদ	১৫.০২.২০১৪ থেকে ১২.০২.২০১৭
ড. এ. কে. আবদুল মোমেন	১৩.০২.২০১৭ থেকে ০৮.০১.২০১৯

এডিটোরিয়াল প্যানেল

মোঃ গোলাম ফারুক
অ্যাকটিং ম্যানেজিং ডিরেক্টর

খালেদ হামিদী
ম্যানেজার, হেড অফ পাবলিকেশন

মাসুদা বেগম
ডেপুটি ম্যানেজার

চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জ লিঃ

কর্পোরেট অফিস :
১০৮০ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০৩১-৭১৪৬৩২-৩, ৭২০৮৭১-৩, ৭২৬৮০১-৫
ফ্যাক্স : ৮৮ ০৩১-৭১৪১০১
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd
www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :
ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০২-৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২-৯৫১৩৯০৬

সিলেট অফিস :
আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়, জেল রোড, সিলেট-৩১০০
ফোন : ৮৮ ০৮২১ ৭২১২১৩, ৭২১২১৫, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সিএসই বাজার পরিক্রমায় পরিসংখ্যান হিসেবে উপাত্তগুলো উপস্থাপনের ক্ষেত্রে যথাসাধ্য সাবধানতা অবলম্বর করা হয়েছে, যাতে উপাত্তগুলো নির্ভুলভাবে পরিবেশিত হয়। প্রকাশিত এসব তথ্য ও উপাত্তের ভিত্তিতে কেউ বিনিয়োগের সিদ্ধান্ত নিয়ে ক্ষতিগ্রস্ত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

সম্পাদকীয়

ইনভেস্টমেন্ট করপোরেশন অব বাংলাদেশ (আইসিবি) বন্ড ইস্যুর মাধ্যমে রাষ্ট্রায়ত্ত পাঁচটি ব্যাংক থেকে ২০০ কোটি করে মোট ১ হাজার কোটি টাকা সংগ্রহ করবে বলে পত্রিকান্তরে প্রকাশ। এ টাকা পুঁজিবাজারে সেকেন্ডারি মার্কেটে বিনিয়োগ করা হবে। এর মাধ্যমে পুঁজিবাজারে বিনিয়োগে সক্রিয় থাকবে আইসিবি। সম্প্রতি এক সভায় আইসিবির পক্ষে বলা হয়, সোনালী ব্যাংক আইসিবির বন্ড ইস্যুর মাধ্যমে ২০০ কোটি টাকা দিয়েছে। এভাবে রাষ্ট্রায়ত্ত আরো চারটি ব্যাংক থেকে ২০০ কোটি টাকা করে মোট পাঁচটি ব্যাংক হতে ১ হাজার কোটি টাকা সংগ্রহ করা হবে। এ বিষয়ে অর্থমন্ত্রী ব্যাংকগুলোকে নির্দেশ দিয়েছেন। বন্ডের মাধ্যমে সংগৃহীত সব টাকা আইসিবি পুঁজিবাজারে সেকেন্ডারি মার্কেটে বিনিয়োগ করবে বলে ঘোষণা দেয়া হয়। এখন বাজারের আকার অনেক বড়। কিন্তু সে তুলনায় ফান্ডের পরিমাণ কম। তাই আইসিবির মতো যদি আরো পাঁচটি বিনিয়োগ প্রতিষ্ঠান ও ২০-২৫ জন মার্কেট মেকার তৈরি করা যায়, তাহলে বাজার ভালো অবস্থানে যাবে বলে অভিমত প্রকাশ করা হয়।

এদিকে পুঁজিবাজারে ব্যাংকগুলোর বিনিয়োগের সুযোগ বাড়াতে বিশেষ ব্যবস্থার আওতায় অর্থ সরবারহ শুরু করেছে কেন্দ্রীয় ব্যাংক। এরইমধ্যে বেসরকারি সিটি ব্যাংককে ৫০ কোটি টাকার তহবিল ছাড় দেয়া হয়। ব্যাংকটি নিজস্ব পোর্টফোলিওর মাধ্যমে পুঁজিবাজারে বিনিয়োগ করতে পারবে। উল্লেখ্য, আস্থা ও তারল্য সঙ্কটে ধুঁকতে থাকা পুঁজিবাজারে গতি ফেরানোর লক্ষ্যে গত মাসে স্টেকহোল্ডারদের সঙ্গে বৈঠক করেন মাননীয় অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। এর একদিন পরই পুঁজিবাজারে ব্যাংকগুলোর বিনিয়োগ বাড়ানোর সুবিধার্থে বিশেষ ব্যবস্থায় অর্থ যোগান দেওয়ার লক্ষ্যে জারিকৃত প্রজ্ঞাপন অনুযায়ী, ব্যাংকগুলো সরকারকে দেওয়া ঋণের বিপরীতে ধারণকৃত ট্রেজারি বিল ও বন্ড বাংলাদেশ ব্যাংকে জমা দিয়ে, রেপোর মাধ্যমে তহবিল নিতে পারবে। ওই তহবিল ব্যাংক নিজে বিনিয়োগের পাশাপাশি তার সহযোগী প্রতিষ্ঠানকে (Subsidiary Company) পুঁজিবাজারে বিনিয়োগের জন্য ঋণ হিসেবে দিতে পারবে।

তারল্য সংকট মোচনের আরো সংবাদে আশাবাদী হওয়া যায়। পুঁজিবাজার থেকে ২৩৮ কোটির অধিক টাকা উত্তোলনে আগ্রহী ওমেরা পেট্রোলিয়াম লিমিটেড (ওমেরা এলপিজি)। বুকবিল্ডিং পদ্ধতিতে এই অর্থ তোলা প্রসঙ্গে ওমেরা এলপিজি মিডিয়াকে বলে, পুঁজিবাজার থেকে সংগৃহীত অর্থে ৩ হাজার ৮০০ মেট্রিক টন এলপিজি ধারণ মতার জাহাজ কেনা হবে।

মাইল ফলক

- ১২ ফেব্রুয়ারি ১৯৯৫ : বাংলাদেশ সরকারের অনুমোদন লাভ
- ১ এপ্রিল ১৯৯৫ : লিমিটেড কোম্পানি হিসেবে নিবন্ধন
- ১০ অক্টোবর ১৯৯৫ : ফ্লোর ট্রেডিংয়ের সূচনা
- ১ জানুয়ারি ১৯৯৬ : ওয়ার্ল্ড ফেডারেশন অফ এক্সচেঞ্জস্ (প্রাক্তন এফআইবিভি)-এর করেসপন্ডিং সদস্য পদ লাভ
- ২ জুন ১৯৯৮ : স্বয়ংক্রিয় লেনদেন পদ্ধতির সূচনা
- ১৬ জানুয়ারি ২০০০ : সাউথ এশিয়ান ফেডারেশন অফ এক্সচেঞ্জেস (সেফ) গঠন
- ২৬ জানুয়ারি ২০০৪ : সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিঃ (সিডিবিএল) গঠন
- ৩০ মে ২০০৪ : ইন্টারনেট ট্রেডিং সার্ভিস (আইটিএস) চালুকরণ
- ৪ জুলাই ২০০৪ : ওভার-দ্য-কাউন্টার মার্কেট-এর সূচনা
- ১৪ জুলাই ২০০৪ : আনুষ্ঠানিক প্রস্তাব উত্থাপনের মাধ্যমে সিএসইর সিকিউরিটিজ ইনস্টিটিউট প্রতিষ্ঠার ধারণা প্রকাশ
- ১৪ ডিসেম্বর ২০০৫ : বাংলাদেশে প্রথমবারের মতো পুঁজিবাজার মেলা অনুষ্ঠান
- ১০ মার্চ ২০০৭ : দেশে প্রথমবারের মতো পুঁজিবাজার প্রশিক্ষণ কর্মসূচি (কমপ্রিহেনসিভ ট্রেনিং প্রোগ্রাম)-র সূচনা
- ১২ জুন ২০০৭ : সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কাছে ফিন্যান্সিয়াল ডেরিভেটিভস্ বিষয়ক রেগুলেটরি ফ্রেমওয়ার্ক-এর খসড়া পেশ
- ১৮ অক্টোবর ২০০৮ : সিএসইর ওআইসি মেম্বার স্টেস্ স্টক এক্সচেঞ্জ ফোরামের সদস্য পদ লাভ
- ২২ ফেব্রুয়রি ২০১০ : বুক বিল্ডিং মেথড চালুকরণ, ওশেন কন্টেইনার্স লিঃ-এর আইপিও প্রাইস ডিসকভারির জন্য
- ২৮ নভেম্বর ২০১০ : নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) -এর জন্যে সিএসইর মিলেনিয়াম আইটি সফটওয়্যার লিঃ ও পোলারিস সফটওয়্যার ল্যাব লিঃ-এর সাথে চুক্তি স্বাক্ষর
- ১৩ জানুয়ারি ২০১১: বিধিমালার অধীনে শর্ট সেইলের লেনদেন সম্পাদন
- ২৬ সেপ্টেম্বর ২০১১ : বাংলাদেশ ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার নেটওয়ার্কের মাধ্যমে, বাংলাদেশের ইতিহাসে প্রথমবারের মতো, অরিজিনেটর হিসেবে, সিএসইর ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার চালুকরণ
- ২০ অক্টোবর ২০১১ : নেক্সট জেনারেশন ট্রেডিং সিস্টেম (এনজিটিএস) এবং নতুন ওয়েবসাইট চালুকরণ
- ২২ জুলাই ২০১২ : সিএসইর ডিজাসটার রিকভারি সিস্টেম (ডিআরএস) চালুকরণ
- ২৮ অক্টোবর ২০১৩ : সিএসই ওয়ার্ল্ড ফেডারেশন অফ এক্সচেঞ্জেস (ডব্লিউএফই)-এর করেসপন্ডেন্ট মেম্বার থেকে এফিলিয়েট মেম্বারে উন্নীত হয়।
- ৩ নভেম্বর ২০১৩ : সিএসইতে লেনদেন নিষ্পত্তির সময়সীমা টি+৩ থেকে টি+২ করা হয়।
- ২১ নভেম্বর ২০১৩ : ডিমিউচুয়ালাইজড এক্সচেঞ্জ হিসেবে সিএসইর আত্মপ্রকাশ।
- ১৫ ফেব্রুয়ারি ২০১৪ : ডিমিচুয়ালাইজড স্টক এক্সচেঞ্জ হিসেবে সিএসইর ১ম বোর্ড মিটিং অনুষ্ঠিত।
- ১২ অক্টোবর ২০১৪ : সিএসইর সিএসই শরিয়াহ্ ইনডেক্স ও সিএসই-৫০ বেঞ্চমার্ক ইনডেক্স চালুকরণ।
- ২২-২৩ অক্টোবর ২০১৪ : বাংলাদেশে প্রথমবারের মতো সিএসই ইন্টারনেট ট্রেড ফেয়ার অনুষ্ঠিত।
- ৩১ জানুয়ারি ২০১৭ : সিএসইর, জাতিসংঘের সাস্টেইনেবল স্টক এক্সচেঞ্জেস ইনিশিয়েটিভ-এর পার্টনার এক্সচেঞ্জ হয়ে ওঠা।

কম্প্লেইন সেল:

বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষার্থে, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশক্রমে চট্টগ্রাম স্টক এক্সচেঞ্জের চট্টগ্রাম, ঢাকা ও সিলেট অফিসে কমপ্লেইন সেল খোলা হয়েছে। এই অভিযোগ কেন্দ্রের মাধ্যমে বিনিয়োগকারীগণ এখন থেকে ইস্যুয়ার বা তালিকাভুক্ত কোম্পানীর বিরুদ্ধে কোনেঅভিযোগ থাকলে তা সরাসরি জানাতে পারবেন। কমপ্লেইন সেল-এর সাথে সাথে সিএসইর ইনভেস্টরস্ ইনফরমেশন সেল (আইআইসি)- ও সক্রিয়রয়েছে। বিস্তারিত জানার জন্যে যোগাযোগ করুন:

কর্পোরেট অফিস :

১০৮০ শেখ মুজিব রোড, আগ্রাবাদ, চট্টগ্রাম, বাংলাদেশ।
ফোন : ৮৮ ০৩১-৭১৪৬৩২-৩, ৭২০৮৭১-৩, ৭২৬৮০১-৫
ফ্যাক্স : ৮৮ ০৩১-৭১৪১০১
e-mail : cse@cse.com.bd; info@cse.com.bd
website : www.cse.com.bd; www.bangladeshstockmarket.com

ঢাকা অফিস :

ইউনুস ট্রেড সেন্টার লিমিটেড (লেভেল-১৫)
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০
ফোন : ৮৮ ০২-৯৫১৩৯১১-২০, ফ্যাক্স : ৮৮ ০২-৯৫১৩৯০৬

সিলেট অফিস :

সিলেট অফিস :
আনন্দ টাওয়ার (৪র্থ তলা), উত্তর ধোপাদিঘীর পাড়,
জেল রোড, সিলেট-৩১০০
ফোন : ৮৮ ০৮২১ ৭২১২১৩, ৭২১২১৫, ফ্যাক্স : ৮৮ ০৮২১ ৭২১২১৪

সূচি পত্র

জাতীয় অর্থনৈতিক নির্দেশক ০৫
আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ ও কমোডিটি এক্সচেঞ্জ ০৬
শেয়ারবাজার পর্যালোচনা - নৈর্ব্যক্তিক দিকসমূহ
ড. মোহাম্মদ সালেহ জহুর ০৭
ফিনটেক সম্পর্কিত প্রাথমিক ধারণা
ড. ইমন কল্যাণ চৌধুরী ১০
অর্থনৈতিক সংবাদ ১৩
কর্পোরেট সংবাদ ১৫
এক্সচেঞ্জ সংবাদ ১৭
বিএসইসি প্রেস বিজ্ঞপ্তি ২১

সিএসই বাজার পরিসংখ্যান

এক নজরে বার্ষিক বাজার পরিসংখ্যান ও সিএসই বিলবোর্ড : সেপ্টেম্বর ২০১৯ ৩৭
সিএসই বাজার, মূল্যসূচক, বাজার মূলধন ও পরিশোধিত মূলধনের বার্ষিক গতিপ্রকৃতি : সেপ্টেম্বর ২০১৯ ৩৮
সিএসই খাত ভিত্তিক বাজার নির্দেশক ও সিএসই বাজার গতিপ্রকৃতি : সেপ্টেম্বর ২০১৯ ৩৯
রাইটস শেয়ার ও খাতভিত্তিক পরিসংখ্যান ৩০/০৯/২০১৯ ৪০
সেক্টোরাল ইনডেক্স : সেপ্টেম্বর ২০১৯ ও দৈনিক সিএসই সূচক, বাজার মূলধন ও লেনদেন : সেপ্টেম্বর ২০১৯ ৪১
সিএসই সূচক, বাজার মূলধন ও বাজার মূলধনের মাসিক গতিপ্রকৃতি : সেপ্টেম্বর ২০১৯ ৪২
সিএসই-৩০ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : সেপ্টেম্বর ২০১৯ ৪৩
সিএসই-৫০ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : সেপ্টেম্বর ২০১৯ ৪৪
সিএসই শরিয়াহ্ মূল্যসূচকভুক্ত কোম্পানিসমূহের পরিসংখ্যান : সেপ্টেম্বর ২০১৯ ৪৫
লেনদেনে শীর্ষ খাত : সেপ্টেম্বর ২০১৯ ও দৈনিক গড় লেনদেন শীর্ষ ২০ সিকিউরিটিজ : সেপ্টেম্বর ২০১৯ ৪৯
সপ্তাহ ভিত্তিক বাজার প্রবণতা : সেপ্টেম্বর ২০১৯ ৫০
শীর্ষ ২০ সক্রিয় ট্রেক হোল্ডারস্ : সেপ্টেম্বর ২০১৯ ৫১
বাজারে আইপিও : সেপ্টেম্বর ২০১৯ ৫২
ক্যাটাগরিভিত্তিক পরিশোধিত মূলধন, বাজার মূলধন : সেপ্টেম্বর ২০১৯ ৫৩
বিনিয়োগ খাত, মূল্য-এনএভি অনুপাত : সেপ্টেম্বর ২০১৯ ৫৪
বিনিয়োগ খাতের গতিপ্রকৃতি : সেপ্টেম্বর ২০১৯ ৫৫
দৈনিক মূল্যবৃদ্ধিপ্রাপ্ত ও মূল্যহ্রাসপ্রাপ্ত কোম্পানি : সেপ্টেম্বর ২০১৯ ৫৬
দৈনিক লেনদেনের বিবরণী ও গতিপ্রকৃতি : সেপ্টেম্বর ২০১৯ ৫৭
দর বৃদ্ধিতে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : সেপ্টেম্বর ২০১৯ ৫৮
দর হ্রাসে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : সেপ্টেম্বর ২০১৯ ৫৯
সর্বনিম্ন পিই অনুপাত, সর্বোচ্চ শেয়ার প্রতি আয়, সর্বোচ্চ শেয়ার প্রতি নেট অ্যাসেট ভ্যালু ও সর্বোচ্চ ডিভিডেন্ড ঈল্ড : সেপ্টেম্বর ২০১৯ ৬০
বাজার মূলধনে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : সেপ্টেম্বর ২০১৯ ৬১
লেনদেনে শীর্ষ সিকিউরিটিজ ও গতিপ্রকৃতি : সেপ্টেম্বর ২০১৯ ৬২
ফিরে দেখা : সেপ্টেম্বর ২০১৯ ৬৩
তালিকাভুক্ত সিকিউরিটিজের শেয়ার হোল্ডিং কম্পোজিশন ৬৪
তালিকাভুক্ত সিকিউরিটিজের অর্ধ-বার্ষিক ও ত্রৈমাসিক হিসাব ৬৮
তালিকাভুক্ত সিকিউরিটিজের বাজার মূল্য : সেপ্টেম্বর ২০১৯ ৭৬
তালিকাভুক্ত সিকিউরিটিজের পরিসংখ্যান ৮৪
সিএসএ ওভার দ্য কাউন্টারভুক্ত সিকিউরিটিসমূহ ৯৪

Economic Outlook

24 October 2019

1.		23 October 2018	30 June, 2019[R]	30 September 2019	23 October 2019	
	Foreign Exchange Reserve (In million US$)	32130.14	32716.50	31832.80	32291.06	
2.		23 October 2018	30 June, 2019	30 September 2019	23 October 2019	
	Interbank Taka-USD Exchange Rate (Average)	83.8300	84.5000	84.5000	84.7000	
3.	**Call Money Rate**	23 October 2018	30 June, 2019	30 September 2019	23 October 2019	
	Weighted Average Rate	3.54	4.54	5.02	4.50	
4.	**Broad/Overall Share Price Index**	23 October 2018	30 June, 2019	23 October 2019	Percentage change	
					From June, 2019	From June, 2018
	a) Dhaka Stock Exchange (DSE)[@]	5252.67	5421.62	4726.62	-12.82	-2.83
	b) Chittagong Stock Exchange (CSE)	16133.67	16634.21	14384.12	-13.53	-2.57
5.		September, 2018	July-Sep' FY19	September, 2019[P]	July-Sep' FY20[P]	FY 18-19
	a) **Wage Earners' Remittances** (In million US$)	1139.66	3868.89	1468.42	4510.86	16419.63
	b) Annual Percentage Change	33.00	14.09	28.85	16.59	9.60
6.		July, 2018	July-June' FY18	July, 2019[P]	July-June' FY19[P]	FY 16-17
	a) **Import (C&F)** (In million US$)	5079.00	58865.30	5195.00	59914.70	47005.20
	b) Annual Percentage Change	17.41	25.23	2.28	1.78	9.00
		July, 2018	July-June' FY18	July, 2019[P]	July-June' FY19[P]	FY 16-17
	a) **Import(f.o.b)** (In million US$)	4700.00	54463.00	4806.00	55439.00	43491.00
	b) Annual Percentage Change	17.44	25.23	2.26	1.79	9.00
7.		September, 2018	July-Sep'FY19	September, 2019[P]	July-Sep'FY20[P]	FY 18-19
	a) **Export** (EPB) (In million US$)*	3145.58	9940.60	2915.85	9647.99	40535.04
	b) Annual Percentage Change	54.64	14.75	-7.30	-2.94	10.55
8.		July' FY19		July' FY20[P]	FY 18-19	FY 17-18
	Current Account Balance (In million US$)	-179.0		240.0	-5254.0	-9567.0
9.		July, 2018	July-June FY18	July, 2019[P]	July-June FY19[P]	FY 2016-17
	a) **Tax Revenue** (NBR) (Tk. in crore)	13712.60	202312.94	15437.13	223892.42	171679.14
	b) Annual Percentage Change	0.71	17.84	12.58	10.67	10.39
10.	**Investment in National Savings Certificates** (Tk. in crore)	August, 2018	July-Aug' FY18	August, 2019[P]	July-Aug' FY19[P]	FY 2018-19[P]
	a) Net sale	4021.51	9057.25	2205.04	3659.54	47946.38
	b) Total Outstanding	246823.76	246823.76	289911.04	289911.04	285712.9

11.		August, 2018	June, 2019	August, 2019[P]	Percentage change			
					Aug'19 over Aug'18	July-Aug'19-20	July-Aug'18-19	FY2018-19
	a) **Reserve Money** (RM) (Tk. in crore)	234370.80	246187.70	251388.00	7.26	2.11	0.27	5.32
	b) **Broad Money** (M2) (Tk. in crore)	1123954.10	1219611.40	1246305.30	10.89	2.19	1.26	9.88
12.	**Total Domestic Credit** (Tk. in crore)	1031284.80	1146884.70	1170178.30	13.47	2.03	0.95	12.26
	a) Net Credit to the Govt. Sector	101692.00	113273.40	138377.70	36.08	22.16	7.16	19.37
	b) Credit to the Other Public Sector	19426.80	23355.60	24402.60	25.61	4.48	1.18	21.64
	c) Credit to the Private Sector	910166.00	1010255.70	1007398.00	10.68	-0.28	0.29	11.32

13.		July 2018		July 2019		Percentage change				
						July 2019 over July 2018		FY 2018-19		FY 2017-18
	L/C Opening and Settlement (million US$)	Opening	Settlement	Opening	Settlement	Opening	Settlement	Opening	Settlement	Settlement
	a) Food grains (Rice & Wheat)	67.59	156.37	170.86	93.47	152.78	-40.23	-61.29	-51.75	161.74
	b) Capital Machinery	353.50	408.68	421.08	323.75	19.12	-20.78	-27.80	-9.43	6.24
	c) Petroleum	263.70	492.96	294.42	186.75	11.65	-62.12	5.82	11.69	32.70
	d) Industrial Raw Materials	1805.34	1673.01	1464.09	1571.89	-18.90	-6.04	-1.56	4.61	12.36
	e) Others	2574.96	1955.44	2338.26	2395.13	-9.19	22.49	-21.29	17.98	11.62
	Total	**5065.09**	**4686.46**	**4688.71**	**4570.99**	**-7.43**	**-2.46**	**-16.81**	**6.03**	**16.39**
14.	**Rate of Inflation on the basis of Consumer Price Index for National (Base:2005-06=100)**	Dec. 2015	June, 2017	December, 2017	Sept., 2018	December, 2018	March, 2019	June, 2019	August, 2019	September, 2019
	a) Twelve Month Average Basis	6.19	5.44	5.70	5.68	5.55	5.48	5.48	5.48	5.50
	b) Point to Point Basis	6.10	5.94	5.83	5.43	5.35	5.55	5.52	5.49	5.54
	Corresponding Period	Dec. 2014	June, 2016	December, 2016	Sept., 2017	December, 2017	March, 2018	June, 2018	August, 2018	September, 2018
	a) Twelve Month Average Basis	6.99	5.92	5.52	5.55	5.70	5.82	5.78	5.74	5.68
	b) Point to Point Basis	6.11	5.53	5.03	6.12	5.83	5.68	5.54	5.48	5.43
15.	**Classified Loan**	June, 2016	December, 2016	June, 2017	December, 2017	March, 2018	June, 2018	December, 2018	March, 2019	June, 2019
	a) Percentage Share of Classified Loan to Total Outstanding	10.06	9.23	10.13	9.31	10.78	10.41	10.30	11.87	11.69
	b) Percentage Share of Net Classified Loan	2.81	2.33	2.62	2.20	3.31	2.66	2.18	3.02	2.53
16.	**Agricultural and Non-farm Rural Credit (Tk. in crore)**	August '18	September '18	July-Sep'18-19	August, '19	September, '19	July-Sep'19-20[P]	July-June'18-19[P]	July-June'17-18	FY 2016-17
	a) Disbursement **	939.24	1403.28	3493.64	993.01	1584.51	3554.67	23616.25	21393.55	20998.70
	b) Recovery	1220.28	1742.83	4507.96	1331.76	1688.76	4373.70	23734.32	21503.12	18841.16
	c) Outstanding	39794.16	39623.83	39623.83	42335.17	42227.29	42227.29	42974.29	40601.11	39047.57
17.	**SME Loan (Tk. in crore)**	Oct.-Dec.'17-18	Jan.-Mar.'17-18	Apr.-Jun.'17-18	July-Sep.'18-19	Oct-Dec.'18-19	Jan-Mar.'18-19	Apr-Jun.'18-19[P]	2018	2017
	a) Disbursement	38764.71	36419.55	41128.11	36913.26	45071.65	37287.09	43154.88	159510.09	161810.84
	b) Outstanding	202410.85	193647.29	193515.33	182082.68	188245.47	197718.18	208150.75	188245.47	202410.85
18	**Industrial Term Loan (Tk. in crore)**	Oct.-Dec.'17-18	Jan.-Mar.'17-18	Apr.-Jun.'17-18	July-Sep.'18-19	Oct.-Dec.'18-19	Jan.-Mar.'18-19	Apr.-Jun.'18-19[P]	FY 2018-19[P]	FY 2017-18
	a) Disbursement	17881.23	16979.53	20141.42	19111.22	24256.13	15249.10	22233.63	80850.08	70768.17
	b) Recovery	18639.32	16519.78	19520.24	16378.13	17891.76	18670.22	23628.71	76568.81	70193.08
	c) Outstanding	185016.12	191392.89	202844.28	213486.38	220737.60	203793.29	243825.17	243825.17	202844.28
19.		2010-11	2011-12	2012-13	2013-14	2014 -15	2015 -16	2016 -17	2017-18	2018-19[P]
	GDP Growth Rate (in percent, **Base: 2005-06=100**)	6.46	6.52	6.01	6.06	6.55	7.11	7.28	7.86	8.13

Note: ** = About 14.73% of the target for Agricultural Credit disbursement has been achieved in first three months of the current fiscal year. P=Provisional. R=Revised

@= DSE has been publishing Broad Index instead of General Index from 1st August, 2013.

*Revised according to the revised definition (Primary Commodities+Manufactured Commodoties) of Commodity exports by EPB.

Source : Bangladesh Bank's website

আন্তর্জাতিক স্টক মার্কেট রিভিউ

Americas						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
INDU:IND DOW JONES INDUS. AVG	26,770.20	-255.68	-0.95%	-0.61%	+5.21%	10/18/2019
SPX:IND S&P 500 INDEX	2,986.20	-11.75	-0.39%	-0.20%	+7.89%	10/18/2019
CCMP:IND NASDAQ COMPOSITE INDEX	8,089.54	-67.31	-0.83%	-0.35%	+8.60%	10/18/2019
NYA:IND NYSE COMPOSITE INDEX	13,006.64	-32.59	-0.25%	-0.67%	+4.41%	10/18/2019
SPTSX:IND S&P/TSX COMPOSITE INDEX	16,377.12	-49.18	-0.30%	-3.09%	+5.86%	10/18/2019
Europe, Middle East & Africa						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
SX5E:IND Euro Stoxx 50 Pr	3,592.20	+12.79	+0.36%	+0.58%	+11.88%	10/18/2019
UKX:IND FTSE 100 INDEX	7,183.16	+32.59	+0.46%	-2.20%	+1.89%	10/18/2019
DAX:IND DAX INDEX	12,704.33	+70.73	+0.56%	+1.90%	+9.96%	10/18/2019
CAC:IND CAC 40 INDEX	5,645.62	+9.37	+0.17%	-0.79%	+11.03%	10/18/2019
IBEX:IND IBEX 35 INDEX	9,386.20	+56.40	+0.60%	+2.26%	+5.56%	10/18/2019

Asia Pacific						
Name	Value	Net Change	% Change	1 Month	1 Year	Date
NKY:IND NIKKEI 225	22,548.90	+56.22	+0.25%	+2.13%	+0.07%	10/18/2019
TPX:IND TOPIX INDEX (TOKYO)	1,628.60	+6.61	+0.41%	+0.77%	-3.80%	10/18/2019
HSI:IND HANG SENG INDEX	26,737.97	+18.39	+0.07%	+1.14%	+4.60%	10/18/2019
SHSZ300:IND CSI 300 INDEX	3,880.84	+11.46	+0.30%	-1.39%	+23.79%	10/18/2019
AS51:IND S&P/ASX 200 INDEX	6,652.51	+2.82	+0.04%	-1.16%	+12.00%	10/18/2019
MXAP:IND MSCI AC ASIA PACIFIC	159.51	-0.48	-0.30%	+0.08%	+4.21%	10/18/2019

Source: Bloomberg

কমোডিটি এক্সচেঞ্জ

Energy						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
CL1:COM WTI Crude Oil (Nymex)	USD/bbl.	53.83	+0.05	+0.09%	Nov 2019	10/18.2019
CO1:COM Brent Crude (ICE)	USD/bbl.	59.35	-0.07	-0.12%	Dec 2019	10/18.2019
XB1:COM RBOB Gasoline (Nymex)	USd/gal.	161.70	-0.60	-0.37%	Nov 2019	10/18.2019
NG1:COM Natural Gas (Nymex)	USD/MMBtu	2.31	-0.01	-0.39%	Nov 2019	10/18.2019
HO1:COM Heating Oil (Nymex)	USd/gal.	194.53	-0.18	-0.09%	Nov 2019	10/18.2019
Precious & Industrial Matters						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
GC1:COM Gold (Comex)	USD/t oz.	1,492.50	-1.60	-0.11%	Dec 2019	10/18.2019
XAUUSD:CUR Gold Spot	USD/t oz.	1,488.38	-1.67	-0.11%	N/A	10/18.2019
SI1:COM Silver (Comex)	USD/t oz.	17.70	+0.12	+0.69%	Dec 2019	10/18.2019
HG1:COM Copper (Comex)	USd/lb.	263.45	-0.15	-0.06%	Dec 2019	10/18.2019
XPTUSD:CUR Platinum Spot	USD/t oz.	893.78	+3.56	+0.40%	N/A	10/18.2019
Agriculture						
Index	Units	Price	Change	%Change	Contract	Date
C 1:COM Corn (CBOT)	USd/bu.	391.00	0.00	0.00%	Dec 2019	10/18.2019
W 1:COM Wheat (CBOT)	USd/bu.	529.50	-2.75	-0.52%	Dec 2019	10/18.2019
CC1:COM Cocoa (ICE)	USD/MT	2,486.00	-2.00	-0.08%	Dec 2019	10/18/2019
CT1:COM Cotton #2 (ICE)	USd/lb.	65.14	-0.02	-0.03%	Dec 2019	10/18.2019
LC1:COM Live Cattle (CME)	USd/lb.	113.63	-0.75	-0.66%	Dec 2019	10/18/2019

Source: Bloomberg

শেয়ারবাজার পর্যালোচনা - নৈর্ব্যক্তিক দিকসমূহ

ড. মোহাম্মদ সালেহ জহুর



ভূমিকা :

শেয়ারবাজার অর্থনৈতিক কর্মকান্ডের একটি দর্পন। দেশের অর্থনৈতিক কর্মকান্ডে সুচারুরূপে ও কাঙ্ক্ষিত পর্যায়ে সম্পন্ন হলে অর্থনৈতিক প্যারামিটার গুলোর কাঙ্ক্ষিত পরিবর্তনের সাথে সাথে শেয়ারবাজারের সকল প্যারামিটার গুলোর মাধ্যমে তা প্রতিফলিত হয়। বর্তমান প্রেক্ষাপট-অর্থনৈতিক, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক প্রভৃতি ক্ষেত্রে অস্থিরতা কাঠামোগত চক্রের অংশ। সরকার ও সরকারের মেশিনারী সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে অর্থনৈতিক উন্নয়ন কর্মকান্ডের অংশীদারগণের আস্থা ফিরিয়ে আনা সম্ভব হলে বর্তমানের কাঠামোগত চক্রের কাঙ্ক্ষিত পরিবর্তন সম্ভব হবে। কারণ বর্তমানে ভূমণ্ডলে বাংলাদেশের সম্পদ-মানবসম্পদ ও প্রাকৃতিক সম্পদ এবং অবস্থানগত মর্যাদা বাংলাদেশকে একটি গুরুত্বপূর্ণ জায়গায় সমাসীন করেছে। এই সুযোগকে কাজে লাগিয়ে ২০৩০ সালের মধ্যে টেকসই অর্থনীতি অর্জনের লক্ষ্যে দরকার দক্ষ ও উপযোগী পরিকল্পনা, কৌশল এবং সকল উন্নয়ন অংশীদারদের মধ্যে বাস্তবভিত্তিক সমন্বয় ঘটিয়ে কৌশল প্রয়োগের মাধ্যমে পরিকল্পনার সফল বাস্তবায়ন দেশের সকল প্রয়াস বিবেচনা করলে দেখা যায়, সরকার এবং সরকারের মেশিনারী এখনো অনেক দূরে অবস্থান করছে যা কোনভাবে গ্রহণ করা যায়না।

অর্থনৈতিক পরিক্রমা

দেশের অর্থনৈতিক সকল প্যারামিটার সমূহ পর্যালোচনা করলে দেখা যায়, কোন প্যারামিটারই স্থায়ী প্রবণতা সৃষ্টি করতে পারছেনা। দেশের মুদ্রাস্ফীতির হার বিগত ৯ মাসে ৫.২৪% হতে ৫.৬২% এর মধ্যে রয়েছে; অর্থনীতিতে সুদের হার: কল মানি রেট ৪.১২%-৫.০৪%; আমানতের উপর সুদের হার ৫.৩৪%-৫.৬০%; ঋণের উপর সুদের হার ৯.৪৯%-৯.৬০%; মুদ্রার বিনিময় হার অনেকটা স্থবির; সঞ্চয় হার গড় হারের চেয়ে কম; উৎপাদনের হার গড় হারের চেয়ে বেশী; এবং বেসরকারি বিনিয়োগ কাঙ্ক্ষিত সীমার অর্ধেক। ফলে দেশের নেট বেকারত্বের হার বেড়ে চলেছে। কিন্তু সরকারের উৎপাদনশীল বিনিয়োগ অর্থনীতিতে দীর্ঘ মেয়াদের ভিত্তিতে লভ্যাংশ প্রদান করবে।

আর্থিক বাজার-মুদ্রাবাজার ও শেয়ারবাজার সুদের হার/লাভের হার পবির্তনের সুবার্তায় কাঙ্ক্ষিত হলেও উল্টো অবস্থা বিরাজমান। একদিকে নন পারফরমিং ঋণের পাহাড় ও অন্যদিকে ঋণের পুনঃতফশিলের বিশেষ সুবিধা মুদ্রাবাজারে ফান্ডের ব্যবহারের সময় কমেছে। সরকারের দীর্ঘ মেয়াদী সিকিউরিটির উপর ভ্যাট প্রয়োগ সমাজের একটি নিরীহ শ্রেণীর উপর আয়ের চাপ বাড়লেও মুদ্রাবাজার কিংবা শেয়ারবাজারের প্রশান্তি বাড়ার সম্ভাবনা থাকলেও তা ঘটেনি। বরং ব্যাংক থেকে সরকারের অধিকতরহারে ঋণের চাপ বেসরকারি বিনিয়োগের উপর ঋণাত্মক পরিবর্তন সৃষ্টি করেছে। অবশ্য মুদ্রানীতির বেসরকারি বিনিয়োগের/ঋণের হ্রাসমান লক্ষ্য সরকারি ঋণের অধিকতর চাপের ইঙ্গিত বহন করছে।

অর্থনৈতিক কর্মযজ্ঞ নিরীক্ষণে পরিলক্ষিত হচ্ছে যে, সরকার ১০০টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল করবে; এনার্জি, বিদ্যুৎ এবং অবকাঠামোতে অধিকতর হারে সরকারের বিনিয়োগ বাড়ছে; এবং বৈদেশিক বাণিজ্য ঝুঁকি কমাতে সরকারের বিশেষ প্রয়াস। এই কাজগুলো সরকারকে কিছু সুনির্দ্দিষ্ট লক্ষ্যার্জনে সহায়তা করবে বলে আশা করা যায়। অন্যদিকে দেশে ঋণাত্মক বৈদেশিক প্রবণতা এবং বৈদেশিক বিনিয়োগ উভয়ই সরকারের তহবিল ব্যবস্থাপনায় আঘাত আনতে পারে। সুতরাং সরকারের অহবিল ব্যবস্থাপনা এবং প্রয়োজনীয় পদক্ষেপ বর্তমান অবস্থার উত্তরণে সহায়তা করবে বলে বিশ্বাস।

বাজার তারল্য পরিক্রমা

সেপ্টেম্বর ২০১৯ সময়ে শেয়ারবাজারের কার্যদিবস হলো ২১ দিন। এই ২১ কার্য দিবসে সিএসইর তালিকাভুক্ত ৩২৭টি সিকিউরিটির মধ্যে গড়ে ৩০৫টি সিকিউরিটি ক্রয়-বিক্রয় হয়েছে। বর্তমান আলোচ্য সময়ে তালিকাভুক্ত অধিকাংশ সিকিউরিটির হাতবদলে বাজার তারল্যের পরিচয় বহন করছে। অবশ্য বাজার তারল্যের ডিগ্রী তারল্যের পরিসীমাকে মনে করিয়ে দেয়। শেয়ারবাজার তারল্য পরিক্রমার প্রাথমিক নির্দেশকের পরিসংখ্যান টেবিল-১এ প্রদর্শিত হলোঃ

টেবিল-১ : বাজার তারল্য পরিক্রমা

তারল্য পরিসংখ্যান	মোট ট্রেড	মোট ট্রেড ভলিউম	মোট ট্রেড মূল্য (মিলিয়ন টাকা)
গড়	৬০৭৩	৭,০৩৫,৫৫০	২৬২.৩৪
গড় ব্যবধানঙ্ক	৯২৯	৪,৮২২,৭৭৪	১৬৮.৯৩
পরিসর	৪৪০২	২২,৯৪২,৫৮৩	৬১৭.৭০
সর্বাধিক	৯০৭৪	২৬,৭৭৭,৭৯০	৭৪১.৭৯
সর্বনিম্ন	৪৬৭২	৩,৮৩৫,২০৭	১২৪.১০
গড় ব্যবধানঙ্ক সহগ	১৫.৩০%	৬৮.৫৫%	৬৪.৩৯%
মাসিক পরিবর্তনের হার	৩৬.৫৩%	৩৩১.৪৯%	৩২৫.০৭%
বাজার তারল্য পরিবর্তনের সূচলতা	৪.২৫	১৪.৩৩	৩.৫৩
বঙ্কিমতা	১.৩৭	৩.৫৭	১.৯৪

সেপ্টেম্বর ২০১৯ সময়ের বাজার তারল্য পরিক্রমার প্রাথমিক নির্দেশকগুলো পর্যালোচনা করলে দেখা যায়, টার্গেট ট্রেড চুক্তির সংখ্যা হলো ৬০৭৩ যা বাস্তবে ৯২৯টি হারে পরিবর্তিত হয়ে সর্বাধিক ৯০৭৪ এবং সর্বনিম্ন ৪৬৭২ হয়। মোট ট্রেডচুক্তির সংখ্যা বর্তমান আলোচ্য মাসের ২১ কার্যদিবসে ১১ দিন উর্ধ্বমুখী এবং অবশিষ্ট ১০ দিন নিম্নমুখী প্রবণতা লক্ষ করা যায়। যাহা হউক মোট ট্রেড চুক্তির সংখ্যা গত মাসের চেয়ে ৩৬.৫৩% বেশী যা আশাব্যঞ্জক। বাজার তারল্যের আরেকটা নির্দেশক-ট্রেড ভলিউম এর ধারা ও আচরণ ট্রেড চুক্তিরই নামান্তর।

আলোচ্য সময়ে বাজার তারলের অন্যতম প্যারামিটার ট্রেড ভ্যালু যার টার্গেট ভ্যালু হলো ২৬২.৩৪ মিলিয়ন। বর্তমান আলোচ্য সময়ের ২১ কার্যদিবসে ১০ দিন উর্ধ্বমুখী এবং ১১দিন নিম্নমুখী ছিল এবং টার্গেট ট্রেডভ্যালু ১৬৮.৯৩ মিলিয়ন টাকা হারেপরিবর্তিত হয়ে সর্বাধিক ৭৪১.৭৯ মিলিয়ন এবং সর্বনিন্ম ১২৪.১০ মিলিয়ন টাকা হয়। যদিও ট্রেড ভ্যালু গত মাসের তুলনায় বর্তমান আলোচ্য মাসান্তে ৩২৫.০৭% বৃদ্ধি পায়।

বাজার তারলের সকল নির্দেশক এবং তারল্য পরিবর্তনের স্বরূপ পর্যালোচনা করলে প্রতিয়মান হয় যে, বিনিয়োগের তারল্য ঝুঁকি রয়েছে কাঙ্ক্ষিত হারের চেয়ে বেশী। তবে প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের ভবিষ্যত বিনিয়োগ এবং মুদ্রাবাজারের ইতিবাচক পরিবর্তন শেয়ারবাজারের তারল্য ঝুঁকি হ্রাস সহ ইতিবাচক পরিবর্তন আশা করা যায়।

বাজার ধারা পরিক্রমা

সেপ্টেম্বর ২০১৯ সময়ে সিএসই শেয়ারবাজার ধারা প্রতিষ্ঠায় ব্যর্থ হয়ে মিশ্র ধারা প্রতিষ্ঠিত হয়েছে। বাজার অর্থনীতি, তারল্য ঝুঁকি, এবং উন্নয়ন অংশীদার ও নিয়ন্ত্রক সংস্থার মধ্যে অনুৎপাদনশীল যোগাযোগ শেয়ারবাজার ধারা প্রতিষ্ঠায় ব্যর্থতার পরিচয় দিয়েছে। অন্যদিকে ক্রমহ্রাসমান বৈদেশিক বিনিয়োগ বাজারধারাকে নিম্নমুখী (গড়ে) হতে সাহায্য করছে। সিএসই শেয়ারবাজারধারা পরিক্রমার পরিমাপকগুলো টেবিল-২ এ প্রদর্শিত হলোঃ

টেবিল-২ ঃ বাজারধারা পরিক্রমা

বাজার ধারা পরিমাপক	CSE-30 Index	CSCX Index	CASPI Index	CSE-50 Index	CSI Index
গড়	১৩,১৯৮	৯১৭৮	১৫,১১৫	১১০৭	৯৯৩
গড় ব্যবধানঙ্ক	২৩২	১১০	১৮১	১৩	১৩
পরিসর	৮৮৪	৪৫০	২২	৪৬	৫২
সর্বাধিক	১৩,৬৭১	৯৪১১	১৫,৫০০	১১২৯	১০১৯
সর্বনিম্ন	১২,৭৮৭	৮৯৬১	১৪৭৬১	১০৮৪	৯৬৭
গড় ব্যবধানঙ্ক সহগ	১.৭৬%	১.১৯%	১.২০%	১.১৫%	১.২৬%
মাসিক বাজার আয়ের হার	-৪.৭৩%	-৩.৩৬%	-৩.৪৩%	-২.৩২%	-৪.১১%
বাজার ধারা পরিবর্তনের স্বরূপ সূচলতা	-০.৪৬	-০.১৪	-০.১৬	-০.৭৯	০.১৫
বঙ্কিমতা	০.৩২	০.১৭	০.২১	-০.২১	-০.০৫

টেবিল-২ এর বাজার ধারার সূচকগুলো আলোচনায় দেখা যায় শেয়ারবাজার ধারা আলোচ্য সময়ে তিন দিনের বেশী স্থায়ী হয়নি। সাধারণতঃ শেয়ারবাজার ধারার স্থায়িত্বের উপর শেয়ারের বিনিয়োগকারীদের আস্থা ও মনোভাব তাৎপর্যপূর্ণ ভাবে নির্ভরশীল। আলোচ্য সময়ে সিএসই শেয়ারবাজার ধারা পরিমাপকের সিএসই-৩০ সূচক ৭ কার্যদিবসে উর্ধ্বমুখী এবং ১৪ কার্যদিবসে নিম্নমুখী; সিএসইসিএক্স সূচক মোট ২১ কার্যদিবসের ১০ কার্যদিবসে উর্ধ্বমুখী এবং ১১ কার্যদিবসে নিম্নমুখী এবং সিএএসপিআই সূচক ৭ কার্যদিবসে উর্ধ্বমুখী এবং অবশিষ্ট কার্যদিবসে নিম্নমুখী ছিল। সিএসই শেয়ারবাজারে কোন নিরবিচ্ছিন্ন ধারা প্রতিষ্ঠিত না হলেও গড়ে বেশীরভাগ কার্যদিবসে নিম্নমুখী ছিল। এই ধারা ক্রামাগতভাবে শেয়ারের দর নিম্নমুখীতার নির্দেশ করছে।

শেয়ারবাজারের মার্কেট পোর্টফলিও সিএসই-৩০ এর প্রত্যাশিত পয়েন্টস ছিল ১৩১৯৮ যা প্রকৃত পক্ষে ২৩২ পয়েন্টস্ হারে পরিবর্তিত হয়ে সর্বাধিক ১৩,৬৭১ পয়েন্টস্ এবং সর্বনিম্ন ১২,৭৮৭ পয়েন্টস্ দাঁড়ায়। একইভাবে শেয়ারবাজারের অন্যান্য সূচকগুলো অস্বাভাবিক হারে পরিবর্তিতে হয়ে নিম্নমুখী ধারা সৃষ্টি করেছে। এই ঋণাত্নক ধারা শেয়ারবাজারের ঋণাত্নক আয়ের হার দ্বারা সমর্থিত হচ্ছে। অতএব বলা যায়, অধিকাংশ সিকিউরিটি দর হারিয়ে শেয়ারবাজার ধারায় ঋণাত্নক ধারা প্রতিষ্ঠা করে বিনিয়োগকারীদের আস্থায় নেতিবাচক প্রভাব ফেলছে।

বাজার ব্রেথসূচক পরিক্রমা

বাজার ব্রেথ ও ব্রেথসূচক বাজারের তালিকাভুক্ত সিকিউরিটির দর বৃদ্ধি এবং দর হ্রাসের ব্যবধান ও ধারা পরিমাপ করে। শেয়ারবাজারে অংশগ্রহণকারী সকলকে এই দুটো বিষয়ের উপর নজর ও পরিবর্তনের কারণ জানতে হবে। ফলে সঠিক সময়ে সঠিক বিনিয়োগ সিদ্ধান্ত নেয়া সম্ভব হয়। বাজার ব্রেথসূচক ও প্রাসঙ্গিক তথ্যাদি টেবিল-৩ এ প্রদর্শিত হলোঃ

টেবিল-৩ : বাজার ব্রেথসূচক পরিক্রমা

ট্রেডিং সপ্তাহ	মোট সিকিউরিটিজ	সিকিউরিটি ট্রেডেড	দর বৃদ্ধি	দর হ্রাস	ব্রেথ	ব্রেথসূচক	দর অপরিবর্তিত
১ম সপ্তাহ	৩২৭	৩০৩	৬৭	২১৩	-১৪৬	-১৪৬	২৩
২য় সপ্তাহ	৩২৭	৩০৪	৫৪	২৩২	-১৭৮	-৩২৪	১৮
৩য় সপ্তাহ	৩২৭	৩০৬	৭৯	২০৩	-১২৪	-৪৪৮	২৪
৪র্থ সপ্তাহ	৩২৭	৩০৪	১৮৯	৮৯	১০০	-৩৪৮	২৬
৫ম সপ্তাহ	৩২৭	৩০৭	১২৭	১৫৩	-২৬	-৩৭৪	২৭

টেবিল-৩ প্রদর্শিত পরিসংখ্যান পর্যালোচনা করলে দেখা যায়, সিএসই শেয়ারবাজার মোট ৫ কর্ম সপ্তাহের মধ্যে ৪ কর্ম সপ্তাহে অধিকাংশ শেয়ার দর হারিয়েছে অর্থাৎ ২১ কার্যদিবসের মধ্যে ১৬ কার্যদিবসে অধিকাংশ শেয়ারের দর নিম্নমুখী ছিল। ফলে ব্রেথসুচক দাঁড়ায় ৩৭৪ (ঋণাত্নক) এই নিম্নমুখী ব্রেথসূচকের কারণগুলো হলো বিনিয়োগে মন্দা, তারল্য ঝুঁকি, বাণিজ্য ঝুঁকি, কর্পোরেট পারফরমেন্স (অনাকাঙ্ক্ষিত), মন্দা বাণিজ্য চক্র, সুশাসনের অভাব

প্রভৃতি। সরকারের কৌশলগত অবস্থান এবং বড় ও প্রতিষ্ঠানিক বিনিয়োগকারীদের বিনিয়োগে নিরবিচ্ছিন্ন অংশগ্রহণ বাজারে কাঙ্ক্ষিত ধারা ফিরিয়ে আনা সম্ভব হবে।

বাজার অর্থনীতি পরিক্রমা

বাজার অর্থনীতি শেয়ারবাজারের অর্থনৈতিক কর্মকান্ডকে আন্দোলিত করে। অর্থনীতির বিভিন্ন সেক্টরে বিনিয়োগ, তহবিল প্রবাহ, প্রযুক্তিগত উন্নয়ন, প্রশিক্ষণ ও মানবসম্পদ, উন্নয়ন প্যারামিটার গুলোর নিরবিচ্ছন্ন ধারা প্রভৃতি শেয়ারবাজার উন্নয়নের চাকাকে সচল রাখে। শেয়ারবাজারে বৈদেশিক বিনিয়োগ গত ছয় মাসে নিয়মিত ভাবে হ্রাস পেয়েছে অর্থাৎ বিদেশী বিনিয়োগকারীরা মার্চ-আগস্ট ২০১৯ সময়ে ৬১৯ কোটি টাকা শেয়ারবাজার থেকে তুলে নিয়ে গেছে। নিরবিচ্ছিন্নভাবে এই ধারা চলতে থাকলে তালিকাভুক্ত শেয়ারের দর অস্বাভাবিকভাবে সংশোধিত হয়ে বাজার মুলধন হ্রাস পাবে। বাজার অর্থনীতির পরিক্রমার পরিমাপক টেবিল-৪ এ প্রদর্শিত হলোঃ

টেবিল-৪ : শেয়ারবাজার মূলধন ধারা

বাজার মূলধন ধারা পরিমাপক	টাকা (মিলিয়ন টাকা)
গড়	৩,০১৯,০৯০
গড় ব্যবধানঙ্ক	৩৮,০৭০
সর্বাধিক	৩,০৮২,৯৪৪
সর্বনিম্ন	২,৯৬০,২৮০
পরিসর	১২২,৬৬৪
গড় ব্যবধানঙ্ক সহগ	১.২৬%
মাসিক পরিবর্তনের হার (%)	-২.৪৩%
শেয়ারবাজার মূলধন ধারা পরিবর্তনের স্বরূপ (সূচালতা)	-১.০৩
বঙ্কিমতা	-০.০৮

উপরোক্ত পরিসংখ্যান পর্যালোচনা করলে দেখা যায়, সেপ্টেম্বর ২০১৯ সময়ে কাঙ্ক্ষিত বাজার মুলধন হলো ৩,০১৯,০৯০ মিলিয়ন টাকা যা ৩৮,০৭০ মিলিয়ন টাকা হারে পরিবর্তিত হয়ে সর্বাধিক ৩,০৮২,৯৪৪ মিলিয়ন টাকা এবং সর্বনিম্ন ২,৯৬০,২৮০ মিলিয়ন টাকা হয়। ফলে মাসিক পরিবর্তন হয় ২.৪৩% (ঋণাত্মক) যা বাজার মূলধনের ক্রমহ্রাসমান ধারাকে নির্দেশ করছে। তালিকাভুক্ত সিকিউরিটির নিরবিচ্ছিন্ন দরপতনের কারণে বাজার মুলধন ঋণাত্মক ধারা বজায় আছে।

বাজার সেক্টর পরিক্রমা

সেপ্টেম্বর ২০১৯ সময়ে সিএসই শেয়ারবাজারের ১৮ সেক্টরের পারফরমেন্স সামঞ্জস্যপূর্ণ নয়। অবশ্য অধিকাংশ সেক্টরের বাজার আয়ের হার ঋণাত্মক যা পূর্বের পর্যালোচনা ও ফলাফলের সাথে সঙ্গতিপূর্ণ। আলোচ্য সময়ের সেক্টরাল পরিক্রমার পরিসংখ্যান টেবিল -৫ এ প্রদর্শিত হলোঃ

টেবিল-৫ : শেয়ারবাজার সেক্টরাল পরিক্রমা

বাজার আয়ের হার (%)	সেক্টর	সংখ্যা	শতকরা হার
(১৫)-(১০)	বস্ত্রশিল্প, কাগজ ও মুদ্রণ	০২	১১.১২%
(১০)-(০৫)	চামড়া শিল্প, প্রকৌশল, তথ্য ও যোগযোগ প্রযুক্তি, বিবিধ, এনার্জি, জীবন বীমা, সিমেন্ট, সেবা ও সম্পত্তি, ফার্মাও কেমিক্যাল	০৯	৫০%
(০৫)-০০	সিরামিক, খাদ্য ও আনুষাঙ্গিক লিজিং ও ফাইন্যান্স বিনিয়োগ	০৪	২২.২২%
০০-০৫	ব্যাংক	০১	৫.৫৬%
০৫-১০	সাধারণ বীমা	০১	৫.৫৬%
১০-১৫	টেলিকমিউনিকেশন	০১	৫.৫৬%
		১৮	১০০%

টেবিল-৫ এ প্রদর্শিত পরিসংখ্যান পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, সেপ্টেম্বর ২০১৯ সময়ে ১৫টি সেক্টরের বাজার আয়ের হার ঋণাত্মক এবং ৩টির বাজার আয়ের হার ধনাত্মক। সর্বোপরি বলা যায়, টেলিকমিউনিকেশন, সাধারণ বীমা এবং ব্যাংক সেক্টর সমূহ ভালো পারফরম করছে এবং টেক্সটাইল এবং পেপার সেক্টরদ্বয় খারাপ পারফরম করেছে।

উপসংহার

শেয়ারবাজারের বর্তমান গতিপ্রবাহ এবং অতীত ইতিহাসের ভিত্তিতে বলা যায়, অধিকাংশ শেয়ার অবমূল্যায়িত এবং শেয়ারবাজার চক্র যে কোন সময়ে কাঙ্ক্ষিত বলয়ে ফিরে আসার সম্ভাবনা অনেক বেশী। অতএব বর্তমান শেয়ারবাজারে নতুন করে বিনিয়োগ করলে দীর্ঘ মেয়াদের ভিত্তিতে বিনিয়োগকারী লাভবান হবে বলে বিশ্বাস রাখি।

ড. মোহাম্মদ সালেহ জহুর
প্রফেসর, ডিপার্টমেন্ট অফ ফিন্যান্স/ডিরেক্টর, ব্যুরো অফ বিজনেস রিসার্চ/ফ্যাকাল্টি অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন/
ইউনিভার্সিটি অফ চিটাগং

ফিনটেক সম্পর্কিত প্রাথমিক ধারণা

ড. ইমন কল্যাণ চৌধুরী

ফিনটেক কি?

ফিনটেক-এর পূর্ণ রূপ হলো ফিনান্সিয়াল টেকনোলজি। এটা এমন এক ধরনের নতুন প্রযুক্তিগত ধারণা যার সাহায্যে আর্থিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহ নতুনরূপে এবং স্বয়ংক্রিয়ভাবে তাদের সেবাসমূহ প্রদান করতে পারে। বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানের মালিক, ভোক্তা, মধ্যস্বত্বভোগীসহ তাদের দৈনন্দিন আর্থিক কর্মকাণ্ডগুলো বিশেষায়িত সফটওয়্যার এবং গাণিতিক পরিভাষা প্রয়োগ করে কম্পিউটার, অত্যাধুনিক মোবাইল ফোন ও অন্যান্য যন্ত্র ব্যবহার করে সহজভাবে সম্পাদন করতে পারে (১)। ফিনটেক যখন একুশ শতকের দিকে প্রথম যাত্রা শুরু করে তখন তা কেবল আর্থিক প্রতিষ্ঠানগুলোর কর্মকাণ্ডের সহজীকরণে ব্যবহৃত হতো। পরবর্তীতে এটি ভোক্তাকেন্দ্রিক সেবা প্রদান পর্যন্ত গড়িয়ে যায়। বর্তমানে এটির ব্যবহার শিক্ষা, বীমা, ব্যাংক, পুঁজিবাজারসহ বিভিন্ন ক্ষেত্রে ছড়িয়ে পড়েছে।

ফিনটেকের প্রভাব

বিগত কয়েক দশক ধরে ব্যাংকিং প্রতিষ্ঠানগুলো তাদের সেবাসমূহকে ভোক্তাদের কাছে অধিকতর আকর্ষণীয় করার জন্য প্রযুক্তির ব্যবহার করে আসছে। বিভিন্ন সময়ে আর্থিক মন্দা, কেন্দ্রীয় ব্যাংকের নিয়মাবলী মেনে চলার বাধ্যবাধকতা, বিভিন্ন কারণে আর্থিক জরিমানা এড়িয়ে চলার সাবধানতাসহ অনেক বিষয় নিয়ে ব্যাংকগুলো বরাবরই ব্যস্ত থাকে। এত সব ঝামেলার মধ্যে থেকেও নতুন কিছু করার প্রতি ব্যাংকগুলো সব সময় অগ্রাধিকার দিয়ে থাকে। গতানুগতিক প্রযুক্তি ব্যবহার করে এমন ব্যাংক এবং আর্থিক প্রযুক্তি ব্যবহার করে এমন ব্যাংকগুলো, দু' ভাগে বিভক্ত হয়ে গেছে। আগের দিনের একজন ব্যাংকার এবং বর্তমান প্রজন্মের একজন ব্যাংকারের মধ্যে একটা বিশাল ব্যবধান লক্ষণীয়, আর তা হলো এখনকার একজন ব্যাংকার গতানুগতিক ব্যাংকিং জ্ঞানের সাথে প্রযুক্তিগত জ্ঞানেও পরিপূর্ণ। প্রযুক্তি এখন আমাদের জীবনের এক অবিচ্ছেদ্য অংশ হয়ে দাঁড়িয়েছে। যেমন আমরা আইফোন, অ্যান্ড্রয়েড ফোন, এয়ার বিএনবি, উবার, হোয়াটসঅ্যাপ, উইচ্যাট, ফেসবুক ছাড়া একটি দিনও ভাবতে পারি না। ফিনটেক এই সব কিছুর মধ্য নিত্য নতুন প্রযুক্তি সংযোজনের মাধ্যমে আমাদের জীবনধারাকে আরো সহজ করে তুলছে। ফিনটেক ভোক্তার চাহিদা ও যোগানের মধ্যে একটা মেলবন্ধন স্থাপন করে। বর্তমানে ভোক্তার চাহিদার ধরন ও ব্যাপ্তি ক্রমশ বেড়েই চলেছে। সেবাপ্রদানকারী প্রতিষ্ঠানগুলো এই চাহিদা মেটাতে রীতিমত হিমশিম খাচ্ছে। তবে এই ফিনটেক গ্রাহকের চাহিদা অনুযায়ী সেবা প্রদান করার কাজকে যথেষ্ট সহজ করে দিচ্ছে (২)। এবার দেখা যাক ফিনটেকের কিছু প্রয়োগ।

ফেসবুক খোদ আমেরিকা যুক্তরাষ্ট্রে ৫০ টিরও অধিক লাইসেন্স ব্যবহার করে তাদের ম্যাসেঞ্জার অ্যাপের মাধ্যমে ফেসবুক ব্যবহারকারীদের অর্থ আদান-প্রদানে সাহায্য করে (৩)। আমাজন সম্প্রতি ছাত্র-ছাত্রীদের লেখাপড়ার খরচ যোগাতে ঋণ প্রদানের সুবিধা চালু করছে (৪)। আলিবাবা তাদের নিজস্ব উদ্যোগে "মানি মার্কেট" চালু করেছে যা কিনা পৃথিবীর তৃতীয় বৃহত্তম ফান্ড হিসেবে আত্মপ্রকাশ করেছে। এই ফান্ড কয়েক মিলিয়ন একক বিনিয়োগকারীদের নিয়ে করা হয়েছে যার অধিকাংশই জীবনে প্রথম বিনিয়োগকারী। মজার বিষয় হলো এদের গড় বিনিয়োগের পরিমাণ এক হাজার ডলারেরও কম (৫)। চীনে উইচ্যাট অ্যাপ ব্যবহার করে গেল বছর লোকজন আট বিলিয়ন রেনসিবি লেনদেন সম্পন্ন করে। এই উইচ্যাট বিভিন্ন খাতে বিনিয়োগ করতে, ডাক্তারের সেবা নিতে, ট্যাক্সি ভাড়া করতে, দরিদ্র তহবিলে দান করতে এবং আরো অন্যান্য কাজে ব্যবহৃত হচ্ছে অনায়াসে (৬)।

আগামীতে আর্থিক প্লাটফর্ম বলতে এখনকার মত গতানুগতিক ব্যাংক-কে বোঝানো হবে না, এটি হয়ে যাবে প্রযুক্তির ব্যবহার-ক্ষেত্র। আমরা বর্তমানে যেভাবে ব্যাংকে গিয়ে ব্যাংক হিসাব খুলি সামনে দেখা যাবে ফেসবুক বা হোয়াটসঅ্যাপ দিয়েই ব্যাংক হিসাব খোলা হবে। বর্তমান সময়ে সন্তানকে কাছে ডেকে মানিব্যাগ থেকে টাকা বের করে দেয়ার ব্যাপারটা আর দেখা যাবে না, বরং টাকা চলে যাবে তাদের ফেসবুক অ্যাকাউন্টে। এমনকি সামনে লোকজনকে কেনাকাটার জন্য আর বাজারে যেতে দেখা যাবে না।

ভবিষ্যতে ফিনটেকের যথাযথ প্রয়োগ ছাড়া কোন প্রতিষ্ঠান লাভবান হয়ে টিকে থাকবে তা কল্পনাও করা যায় না। গতানুগতিক ব্যাংকের সেবা প্রদানের যে দীর্ঘসূত্রিতা ও হয়রানি তা অচিরেই হয়ে যাবে কেবল ইতিহাস। ফিনটেক ব্যাংকিং এর সংজ্ঞা পাল্টে দিতে যাচ্ছে খুব শীগ্রই। বর্তমানে পৃথিবীতে দুই বিলিয়ন লোক আছে যাদের কোনো সম্পদ নেই, ব্যাংক অ্যাকাউন্ট নেই, ঋণ করার সুযোগ নেই এবং তাদের কাছে একমাত্র উপায় যা আছে তা হলো নিজে টাকা উপার্জন করে তা জমিয়ে বিনিয়োগ করা। প্রচলিত ব্যাংকিং পদ্ধতির কারণে গরিব গরিব থেকে যাচ্ছে অন্যদিকে ধনীরা আরও ধনী হচ্ছে। দারিদ্র্যের এই দুষ্টচক্র যে কেবল উন্নয়নশীল বা দরিদ্র দেশগুলোর মধ্যে সীমাবদ্ধ আছে তা নয় বরং এটি কিছু উন্নত দেশেও আংশিকভাবে বিদ্যমান। খোদ আমেরিকা যুক্তরাষ্ট্রের মায়ামি এবং ডেট্রয়েটের পঁচিশ শতাংশ মানুষের ব্যাংক হিসাব নেই (৮)। কিন্তু সুখবর হলো এই যে, বর্তমানে আধুনিক আর্থিক সেবা খাতগুলো তাদের আর্থিক সেবাসমুহ ফিনটেক প্রযুক্তির সাহায্যে সমস্ত লোকের দোরগোড়ায় পৌঁছে দিতে সক্ষম হচ্ছে। বিশ্বব্যাংকের (৯) হিসাব মতে গত পাঁচ বছরে পৃথিবীতে অন্তত সাতশত মিলিয়ন মানুষ নতুন করে ব্যাংক হিসেবের আওতায় এসেছে আর এটা সম্ভব হয়েছে কেবলমাত্র গতানুগতিক ব্যাংকিং পদ্ধতি থেকে বেরিয়ে এসে ফিনটেক ব্যবহার করার মাধ্যমে। অতএব, ফিনটেক দারিদ্র্যের দুষ্টচক্র রোধ করতে অগ্রগামী ভূমিকা পালন করবে।

আজকাল তথাকথিত কল সেন্টারে ফোন করে দীর্ঘক্ষণ অপেক্ষা করার পর অনেক টাকা খরচ করে যে সেবা পাওয়ার সুযোগ বিদ্যমান আছে রোবট প্রযুক্তি তা সম্পূর্ণ দখল করে বিনামূল্যে এবং কোন রকমের ভুল ভ্রান্তি ছাড়া কয়েক সেকেন্ডের মধ্যেই এ সেবা নিশ্চিত করবে। আমাদেরকে বিভিন্ন হিসাবে বর্তমানে পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হয় অথবা কার্ড ব্যবহার করে কোথাও ঢোকার অনুমতি নিতে হয়, এতে করে পাসওয়ার্ড মনে রাখা বা কার্ড বহন করার ঝক্কি-ঝামেলা আছে। ফিনটেক বায়োমেট্রিক ও ফেস রিকগনিশন প্রযুক্তির মাধ্যমে এই ঝামেলাকে চিরতরে বিদায় জানাবে। গাড়িতে প্রযুক্তি ব্যবহার করার মধ্য দিয়ে দুর্ঘটনা এড়িয়ে তা অহেতুক গাড়ি বীমার মত একটা উটকো খরচকে হিসাবের খাতা থেকে মুছে দেবে।

উপসংহার

উপর্যুক্ত আলোচনায় দেখা গেল ফিনটেক ব্যাংক-বীমার ব্যবসায়কে বেশ প্রতিযোগিতার মধ্যে ঠেলে দিতে যাচ্ছে কিন্তু যারা এই প্রযুক্তিকে আলিঙ্গন করবে তারা ঠিকই টিকে থাকবে আর বাকিরা আপনা আপনি বিদায় নিতে বাধ্য হবে। সুতরাং সকলকে প্রযুক্তির ব্যবহারকে আমলে নিয়ে উদ্ভাবনী মানসিকতা নিয়েই সামনের দিকে এগোতে হবে। সিটি ব্যাংক (১০) হিসাব করে দেখেছে আগামী দশ বছরে ত্রিশ শতাংশ ব্যাংকের চাকরি আর থাকবে না। তবে কোনো কোনো বিশেষজ্ঞ এই সংখ্যা পঞ্চাশ শতাংশকেও ছাড়াতে পারে বলে আশঙ্কা করছেন। অর্থাৎ প্রতি দুইটাতে একটা চাকরি উধাও হয়ে যেতে পারে। ফিনটেক কেবল কিছু ব্যাঙ্কের চাকরি খেয়ে ফেলবে তা না বরং এটা সংশ্লিষ্ট অনেক আর্থিক প্রতিষ্ঠান যেমন একাউন্টিং ফার্ম, ল ফার্ম, হোটেল ম্যানেজমেন্টসহ অনেক প্রতিষ্ঠানকেও মারাত্মক হুমকির মুখে ঠেলে দেবে। তবে আশার কথা হলো, ফিনটেক শিল্পে কিছু নতুন চাকরির সুযোগও সৃষ্টি হবে কিন্তু এই সংখ্যা চাকরি হারিয়ে যাওয়ার তুলনায় খুবই নগণ্য। আবার এই চাকরিগুলো করতে অত্যন্ত দক্ষতা ও বিচক্ষণতার প্রয়োজন হবে। তবে এগুলো মূলত প্রোগ্রামার ও ডিজাইনারদের মধ্য সীমাবদ্ধ থাকবে।

তাহলে এখন কি করা উচিৎ? এই সমস্যার সমাধানই বা কি হতে পারে? ফিনটেক জগতে যারা কাজ করছেন ওনারা এসব শঙ্কা নিয়ে ইতিমধ্যে ভাবতে শুরু করেছেন এবং বিভিন্ন দেশের সরকার, আইন প্রয়োগকারী সংস্থা, নিয়ন্ত্রক সংস্থাসহ সংশ্লিষ্ট পক্ষের সাথে আলোচনা করে সবাইকে এর আওতায় এনে কিভাবে ফিনটেকের সুবিধাগুলো উপভোগ করানো যেতে পারে তা নিয়ে কাজ করে যাচ্ছেন। তবে এসব হয়তো সাময়িক সমস্যার সমাধান হিসেবে কাজ করবে কিন্তু দীর্ঘস্থায়ী ও টেকসই পরিবর্তন আনার জন্য সকলের মানসিকতার আমূল পরিবর্তন আনা উচিত। সন্তানরা বড় হয়ে চাকরি করবে এই ধারণা থেকে মা-বাবাকে বেরিয়ে আসতে হবে। তাদেরকে নতুন নতুন ব্যবসায়িক চিন্তা নিয়ে রুজি রোজগারের পথ বেছে নিতে হবে। সুতরাং আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে সত্যিকার অর্থে দক্ষ জনশক্তিতে পরিণত করতে স্কুল, কলেজ, ও বিশ্ববিদ্যালয় পর্যায়ে গতানুগতিক সিলেবাস-এর পরিবর্তে প্রযুক্তিনির্ভর সিলেবাস তৈরির প্রতি অধিক গুরুত্ব দিতে হবে। যেমন ঠিক এই মুহূর্তে বাংলাদেশের কয়জন ফাইন্যান্স গ্রাজুয়েট ফিনটেক বিষয়ে পড়াশুনা করে বের হয়? অতএব, এখনই এ বিষয় নিয়ে ভাববার সময় এসে গেছে। অতএব, ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয় নিয়ে দেশ যেভাবে এগিয়ে যাচ্ছে সেটাকে আরও বেগবান করার জন্য এবং ফিনটেকের সম্ভাব্য ঝুঁকিগুলোকে শক্তিতে রূপান্তর করে দেশকে সফলতার স্বর্ণশিখরে নিয়ে যেতে সকলের ঐক্যবদ্ধ প্রচেষ্টা একান্তভাবে কাম্য।

তথ্যসূত্রঃ

১) সি.এফ.এ ইন্সটিটিউট < https://www.cfainstitute.org/en/research/foundation/2017/fintech-and-regtech-in-a-nutshell-and-the-future-in-a-sandbox?s_cid=ppc_RF_Google_Search_FinTechandRegTech>
২) হেনরি আরস্লানিয়ান এর লেকচার অবলম্বনে
৩) সি.এন.বি.সি <https://www.cnbc.com/2019/07/09/how-to-send-money-through-facebook-messenger-without-libra.html>
৪) ফরচুন <https://fortune.com/2016/07/22/amazon-wells-fargo-student-loan/>
৫) ওয়াল স্ট্রিট জার্নাল <https://www.wsj.com/articles/how-an-alibaba-spinoff-created-the-worlds-largest-money-market-fund-1505295000>
৬) চায়না ডেইলি <www.chinadaily.com>
৭) একসেনচিউর < https://www.accenture.com/t20170213t031324z__w__/cn-en/_acnmedia/pdf-43/accenture-insideops-asset-management-robotics.pdf>
৮) সি.এন.বি.সি <https://www.cnbc.com/2019/03/08/25percent-of-us-households-are-either-unbanked-or-underbanked.html>
৯) ফাইন্ডএক্স < https://globalfindex.worldbank.org>
১০) সিটি ব্যাংক <https://money.cnn.com/2016/04/04/investing/bank-jobs-dying-automation-citigroup>

ড. ইমন কল্যাণ চৌধুরী
সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান
হিসাব বিজ্ঞান বিভাগ
সি আই ইউ বিজনেস স্কুল
চিটাগং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি
চট্টগ্রাম

অর্থনৈতিক সংবাদ

দারিদ্র্য বিমোচনের গবেষণা ও অর্থনীতিতে নোবেল

রয়্যাল সুইডিশ একাডেমি অব সায়েন্সেস অর্থনীতিতে চলতি বছরের নোবেলজয়ী হিসেবে ভারতীয় বাঙালি অভিজিৎ ব্যানার্জি, তার ফরাসি স্ত্রী এস্তার ডুফলো এবং মার্কিন নাগরিক মাইকেল ক্রেমারের নাম ঘোষণা করে। এমআইটির আবদুল লতিফ জামিল অধ্যাপক এস্তার ডুফলো হলেন নোবেলের ইতিহাসে দ্বিতীয় নারী, যিনি অর্থনীতিতে এ পুরস্কার পেলেন। ৪৫ বছর বয়সী ডুফলোই সবচেয়ে কম বয়সী নোবেলজয়ী অর্থনীতিবিদ। ডুফলোর স্বামী অভিজিৎ ব্যানার্জি হলেন অমর্ত্য সেনের পরে দ্বিতীয় বাঙালি, যিনি অর্থনীতির নোবেল পেলেন। আর ব্যানার্জি-ডুফলো জুটি হলেন নোবেলের ইতিহাসে পঞ্চম দম্পতি, যারা একই বছর একসঙ্গে একই বিষয়ে পুরস্কার পেয়েছেন। ভারতের মুম্বাইয়ে জন্ম নেওয়া অভিজিৎ ব্যানার্জি নিজেও অধ্যাপনা করছেন এমআইটিতে। ৫৮ বছর বয়সী এই অর্থনীতিবিদ সেখানে ফোর্ড ফাউন্ডেশন ইন্টারন্যাশনাল প্রফেসর। তাদের সঙ্গে এবারের নোবেল পুরস্কার ভাগ করে নেওয়া মাইকেল ক্রেমার হার্ভার্ড ইউনিভার্সিটির গেটস প্রফেসর অব ডেভেলপমেন্ট সোসাইটিস। সুইডিশ একাডেমি বলছে, সমস্যাগুলোকে স্বাস্থ্য, শিক্ষার মত আলাদা আলাদাভাবে ভাগ করে দেখলে, ছোট ছোট পর্যায়ে সমাধানের চেষ্টা করলে দারিদ্র্য বিমোচন যে সহজ হতে পারে, সেটাই গবেষণা করে দেখিয়েছেন এই তিন অর্থনীতিবিদ। তাদের দেখানো পথে মাত্র দুই দশকে উন্নয়ন অর্থনীতির রূপরেখা অনেকটাই বদলে গেছে। সরাসরি সুফল পাওয়া গেছে ভারতের এক প্রকল্পে। সেখানে স্কুলে বিশেষ শিক্ষক দিয়ে আলাদাভাবে যত্ন নেওয়ায় উপকৃত হয়েছে ৫০ লাখ শিশু।

১৮ দিনেই ১ বিলিয়ন রেমিটেন্স

এ নিয়ে চলতি ২০১৯-২০ অর্থবছরের সাড়ে নয় মাসে রেমিটেন্সের পরিমাণ দাঁড়িয়েছে এক হাজার ৪৫০ কোটি (১৪.৫০ বিলিয়ন) ডলার। অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, এই অর্থবছরে রেমিটেন্সের পরিমাণ ২০ বিলিয়ন ডলার ছাড়িয়ে যাবে। চলতি অর্থবছরের প্রথম তিন মাসে (জুলাই-সেপ্টেম্বর) ৪৫১ কোটি ০৮ লাখ (৪.৫১ বিলিয়ন) ডলারের রেমিটেন্স পাঠিয়েছেন প্রবাসীরা। এই অংক গত বছরের একই

সময়ের চেয়ে ১৬ দশমিক ৫৯ শতাংশ বেশি। প্রতি বছর দুই ঈদের পর রেমিটেন্স প্রবাহ কমে যায়। অগাস্টে কোরবানির ঈদের পর ধারণা করা হয়েছিল সেপ্টেম্বরে প্রবাসীরা কম রেমিটেন্স পাঠাবেন। কিন্তু এবার তেমন হয়নি। সেপ্টেম্বরে ১৪৬ কোটি ৮৪ লাখ ডলারের রেমিটেন্স পাঠিয়েছেন তারা যা মাসের হিসাবে বাংলাদেশের ইতিহাসে চতুর্থ সর্বোচ্চ রেমিটেন্স। এর আগে গত মে মাসে রোজার ঈদকে সামনে রেখে ১৭৪ কোটি ৮১ লাখ ডলার রেমিটেন্স পাঠিয়েছিলেন প্রবাসীরা যা ছিল মাসের হিসাবে বাংলাদেশের ইতিহাসে সর্বোচ্চ। দ্বিতীয় সর্বোচ্চ রেমিটেন্স এসেছিল জুলাই মাসে; ১৫৯ কোটি ৭৭ লাখ ডলার। তৃতীয় সর্বোচ্চ রেমিটেন্স এসেছিল ২০১৮ সালের মে মাসে ১৫০ কোটি ৫০ লাখ ডলার।

রিজার্ভ ৩২.২০ বিলিয়ন ডলার

রেমিটেন্স বাড়ায় বাংলাদেশ ব্যাংকের বিদেশি মুদ্রার সঞ্চয়নও (রিজার্ভ) সন্তোষজনক অবস্থায় রয়েছে। রিজার্ভের পরিমাণ ছিল ৩২ দশমিক ২০ বিলিয়ন ডলার। অক্টোবরের প্রথম সপ্তাহে এশিয়ান ক্লিয়ারিং ইউনিয়নের (আকু) অগাস্ট-সেপ্টেম্বর মেয়াদের ১ বিলিয়ন ডলারের বেশি আমদানি বিল পরিশোধের পর রিজার্ভ ৩২ বিলিয়ন ডলারের নীচে নেমে এসেছিল। গত কয়েকদিনে বেড়ে তা ফের ৩২ বিলিয়ন ডলার ছাড়িয়েছে। বাংলাদেশ, ভুটান, ভারত, ইরান, মিয়ানমার, নেপাল, পাকিস্তান, শ্রীলঙ্কা ও মালদ্বীপ- এই নয়টি দেশ বর্তমানে আকুর সদস্য। এই দেশগুলো থেকে বাংলাদেশ যে সব পণ্য আমদানি করে তার বিল দুই মাস পর পর আকুর মাধ্যমে পরিশোধ করতে হয়।

বাংলাদেশের 'পাশে থাকবে' এডিবি

উন্নয়ন অংশীদার হিসেবে বাংলাদেশের পাশে থাকবে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। সম্প্রতি গণভবনে সংস্থার পরিচালনা পর্ষদের একটি প্রতিনিধি দলের সদস্যরা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে দেখা করে একথা জানান। প্রধানমন্ত্রীর প্রেস সচিব ইহসানুল করিম সাংবাদিকদের বলেন, এডিবির প্রতিনিধি দলের সদস্যরা প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভূতপূর্ব নেতৃত্বে বাংলাদেশ এগিয়ে যাওয়ায় প্রশংসা করেন। "তারা বলেছেন, বাংলাদেশকে তারা বিশ্বস্ত অংশীদার মনে করে। উন্নয়ন অংশীদার হিসেবে তারা বাংলাদেশের পাশে থাকবে বলে জানিয়েছেন।" প্রতিনিধি দলের সদস্যরা বাংলাদেশের জিডিপি প্রবৃদ্ধি, দারিদ্র্যের হার দ্রুত কমে যাওয়া, জলবায়ু পরিবর্তন অভিযোজন ও খাদ্য নিরাপত্তা নিশ্চিতে সরকারের ভূমিকারও প্রশংসা করেন।

বিশ্ব ব্যাংকের হিসাবে প্রবৃদ্ধি হবে ৭.২%

চলতি অর্থ বছরে সরকার বাংলাদেশের মোট দেশজ উৎপাদনে (জিডিপি) প্রবৃদ্ধির যে লক্ষ্যমাত্রা ধরেছে, অর্জন তার থেকে এক শতাংশ কম হবে বলে মনে করছে বিশ্ব ব্যাংক। এরই মধ্যে বাংলাদেশের অর্থনীতির হালনাগাদ নিয়ে আন্তর্জাতিক ঋণদাতা সংস্থাটি যে প্রতিবেদন প্রকাশ করেছে, তাতে ২০১৯-২০ অর্থবছরে জিডিপি ৭ দশমিক ২ শতাংশ হারে বাড়বে বলে পূর্বাভাস দেওয়া হয়েছে। চলতি অর্থবছরের বাজেটে জিডিপি প্রবৃদ্ধির হার ৮ দশমিক ২ শতাংশ প্রাক্কলন করা হয়েছে। তার আগে বিশ্ব ব্যাংকের বৈশ্বিক অর্থনীতির হালনাগাদ নিয়ে জুনের প্রতিবেদনে প্রবৃদ্ধি ৭ দশমিক ৪ শতাংশ হবে বলে পূর্বাভাস দেওয়া হয়। সে হিসেবে সরকারের প্রাক্কলনের চেয়ে বিশ্ব ব্যাংকের হিসেবে চলতি বছরে প্রবৃদ্ধি হার কমলো ১ শতাংশীয় পয়েন্ট এবং এই সংস্থাটির আগের পূর্বাভাসের চেয়ে কমেছে দশমিক ২ শতাংশীয় পয়েন্ট। রাজধানীর আগারগাঁওয়ে বিশ্ব ব্যাংকের কার্যালয়ে 'বাংলাদেশ ডেভেলপমেন্ট আপডেট, অক্টোবর-২০১৯' শীর্ষক হালনাগাদ এ প্রতিবেদন প্রকাশ করা হয়। অনুষ্ঠানে বিশ্ব ব্যাংকের জ্যেষ্ঠ অর্থনীতিবিদ বার্নার্ড হ্যাভেন বলেন, রপ্তানি আয় ও প্রবাসী আয়ে জোরালো প্রবৃদ্ধি এবং জোরালো অভ্যন্তরীণ চাহিদা ও সরকারের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বড় ধরনের বিনিয়োগের মাধ্যমে সাত শতাংশের বেশি প্রবৃদ্ধি অব্যাহত থাকবে।

কর্পোরেট সংবাদ

Credit Rating

IPDC: Emerging Credit Rating Limited (ECRL) has assigned rating to IPDC Finance Limited as "AAA" in the long term and "ST-1" in the short term along with a Stable outlook based on audited financial statements of the Company up to December 31, 2018 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating.

BSRMSTEEL: Credit Rating Information and Services Limited (CRISL) has rated BSRM Steels Limited as "AA+" in the long term and "ST-2" in the short term along with a stable outlook in consideration of its audited financials up to June 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

BANGAS: Emerging Credit Rating Limited (ECRL) has assigned the rating of Bangas Ltd. as "BBB+" in the long term and "ST-3" in the short term along with a Stable outlook based on audited financial statements of the Company up to June 30, 2018 and unaudited financial statements up to March 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating.

ANLIMAYARN: National Credit Ratings Limited (NCR) has assigned the Surveillance entity Rating to Anlima Yarn Dyeing Ltd. as "A-" in the long term & "ST-2" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company as on June 30, 2018.

POPULARLIF: National Credit Ratings Limited (NCR) has assigned the Surveillance entity Rating to Popular Life Insurance Company Limited as "AA+" in the long term & "ST-1" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company of December 31, 2018.

GENEXIL: Alpha Credit Rating Limited (Alpha Rating) has rated Genex Infosys Limited as "A+" in the long term and "ST-2" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company as on June 30, 2018 and relevant qualitative information up to September 24, 2019.

EASTLAND: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the CPA (Claim Paying Ability) Rating of Eastland Insurance Company Ltd. as "AA+" along with a stable outlook in consideration of audited financials of the Company up to December 31, 2018 also unaudited financials up to June 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

KDSALTD: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the rating to KDS Accessories Ltd. as "A+" in the long term and "ST-3" in the short term along with stable outlook in consideration of its audited financials

up to June 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

GREENDELT: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has informed that the surveillance rating of Green Delta Insurance Company Ltd. is "AAA" in the long term and "ST-1" in the short term along with a stable outlook based on audited financial statements as of December 31, 2018 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

PROVATIINS: ARGUS Credit Rating Services Limited (ACRSL) has announced the CPA rating of Provati Insurance Company Limited as "AA" for long term and "ST-2" for short term in consideration of financials of the Company up to December 31, 2018 (audited), Q2FY19 (unaudited) and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration

ENVOYTEX: Credit Rating Agency of Bangladesh Limited (CRAB) has announced the entity rating (surveillance) of Envoy Textiles Limited as "AA1" along with a stable outlook based on audited financial statements up to June 30, 2018, unaudited financial statements up to March 31, 2019, business data and bank liability position as on June 30, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration

KOHINOOR: Referring to their earlier news disseminated on 29.08.2019, Credit Rating Information and Services Ltd. (CRISL) has further informed that the Rating Committee of CRISL has corrected the rating of Kohinoor Chemical Company (BD) Ltd. as "AA-" in the long term and "ST-2" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company up to June 30, 2018, un-audited financials up to March 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

COPPERTECH: ARGUS Credit Rating Services Ltd (ACRSL) has announced the Rating of Coppertech Industries Ltd. as "BBB" in the long term and "ST-3" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company up to June 30, 2018, un-audited financials up to March 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

NAVANACNG: Credit Rating Information and Services Ltd. (CRISL) has informed that the Rating Committee of CRISL has assigned the rating to Navana CNG Ltd. as "A+" in the long term and "ST-3" in the short term along with a stable outlook based on audited financial statements of the Company up to June 30, 2018, un-audited financials up to March 31, 2019 and other relevant quantitative as well as qualitative information up to the date of rating declaration.

এক্সচেঞ্জ সংবাদ

বিএসইসির বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ

৩০ সেপ্টেম্বর ২০১৯ ঢাকা: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আয়োজিত পাঁচ দিনব্যাপী বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহের উদ্বোধনী অনুষ্ঠানে যোগ দেন সিএসইর ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ গোলাম ফারুক। একই দিনে বিএসইসির সিসিএএম (কাস্টমার কমপ্লেইন্টস্ অ্যাড্রেস মডিউল) বিষয়ক কর্মশালাও অনুষ্ঠিত হয়। কোনো ফি পরিশোধ ছাড়াই সিসিএএম-এর মাধ্যমে বিনিয়োগকারীদের সম্ভাব্য অভিযোগসমূহের নিষ্পত্তি সম্ভব হবে বলে জানানো হয়।

'ইনভেস্টর এডুকেশন ও প্রোটেকশন' বিষয়ক সিএসই সেমিনার

০২ অক্টোবর ২০১৯ চট্টগ্রাম: সিএসই এর প্রধান কার্যালয়ে বিএসইসি-এর 'ওয়ার্ল্ড ইনভেস্টর উইক ২০১৯' উপলক্ষে 'ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন' বিষয়ক সেমিনারের আয়োজন করে। উক্ত সেমিনার পরিচালনা করেন মার্কেটিং অ্যান্ড বিজনেস প্রমোশনের উপ-ব্যবস্থাপক ফয়সাল হুদা। সেমিনারটি উদ্বোধন করেন সিএসইর ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ গোলাম ফারুক। তিনি বলেন, 'সঞ্চয় বিপদের সুরক্ষা, তা করতে হয় বিনিয়োগের মাধ্যমে। আর বিনিয়োগের অনেক ঝুঁকি আছে, সে ঝুঁকি দূর করতে হলে বিনিয়োগ শিক্ষার বিকল্প নেই।' এতে আরো বক্তব্য রাখেন সিএসইর চীফ রেগুলেটরি অফিসার মোহাম্মদ শামসুর রহমান। এছাড়াও সেমিনারের দ্বিতীয় অংশে ফাইনান্সিয়াল স্টেটম্যান্ট অ্যানালিসিস বিষয়ে পেপার উপস্থাপন করেন ডেপুটি ম্যানেজার, সিএফডি, রুবাইয়া আক্তার। সমগ্র অনুষ্ঠানটি সঞ্চালনা করেন সহকারী মহাব্যবস্থাপক ও হেড অব ট্রেনিং অ্যান্ড ডেভেলপমেন্ট আরিফ আহমেদ।

এই সেমিনারে অংশগ্রহণ করেন চিটাগাং ইউনিভার্সিটি, প্রিমিয়ার ইউনিভার্সিটি, ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি চট্টগ্রাম, ইস্ট ডেল্টা ইউসিভার্সিটি, চিটাগাং ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি এবং সাউদার্ন ইউনিভার্সিটির ব্যবসা প্রশাসনের শিক্ষক এবং ছাত্রগণ। এছাড়াও অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সিএসই সিনিয়র কর্মকর্তাগণ, মোঃ মনিরুল হক, উপ-মহাব্যবস্থাপক ও হেড অফ ক্লিয়ারিং অ্যান্ড সেটলমেন্ট, লিস্টিং অ্যান্ড প্রি-লিস্টিং; মোঃ মর্তুজা আলম, উপ-মহাব্যবস্থাপক ও হেড অফ সার্ভিলেন্স অ্যান্ড মার্কেট অপারেশনস, একেএম শাহরোজ আলম, উপ-মহাব্যবস্থাপক ও হেড অফ মার্কেটিং অ্যান্ড বিজনেস প্রমোশন, আদনান আব্দুর রাকিব, ব্যবস্থাপক, ট্রেক অ্যাফেয়ার্স, মোঃ বরকত শফি, ব্যবস্থাপক ও হেড অফ ইন্টারনাল অডিট, মোঃ করিমউল্লাহ, ব্যবস্থাপক, হেড অফ জেনারেল সার্ভিসেস। উল্লেখ্য যে, উক্ত সেমিনারে ১১০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করেন।

আইসিবির নতুন এমডিকে শুভেচ্ছা

২৯ সেপ্টেম্বর ২০১৯ ঢাকা: ইনভেস্টমেন্ট কর্পোরেশন অফ বাংলাদেশ-এর নতুন ব্যবস্থাপনা পরিচালক মোঃ আবুল হোসেনকে তাঁর কার্যালয়ে ফুলেল শুভেচ্ছা জানান সিএসইর ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ গোলাম ফারুক। সিএসইর অন্যতম উপ-মহাব্যবস্থাপক ও আইটি সার্ভিসেস-এর প্রধান হাসনাইন বারী এসময় উপস্থিত ছিলেন।

সিএসই বিজনেস টিমের সভা

২২ সেপ্টেম্বর ২০১৯ চট্টগ্রাম: বাজার উন্নয়ন বিষয়ে সিএসইর বিজনেস টিমের সঙ্গে লংকাবাংলা সিকিউরিটিজের খাতুনগঞ্জ শাখায় এক বৈঠক অনুষ্ঠিত হয়। এ-সভায় সিএসইর ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ গোলাম ফারুক এবং উপ-মহাব্যবস্থাপক ও মার্কেটিং অ্যান্ড বিজনেস প্রমোশনের প্রধান একেএম শাহরোজ আলম অংশগ্রহণ করেন।

ছোট উদ্যোক্তা সৃষ্টি ও পুঁজি সংগ্রহ বিষয়ক সেমিনার

১২ সেপ্টেম্বর ২০১৯ চট্টগ্রাম: সিএসই এর প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে ছোট উদ্যোক্তাদের জন্যে "স্মল ক্যাপিটাল কোম্পানিজ প্ল্যাটফরম" শীর্ষক সেমিনারের আয়োজন করে। একজন ক্ষুদ্র উদ্যোক্তা কিভাবে কম খরচে, অত্যন্ত সহজ নিয়ম-কানুনের মধ্যে সিএসইর এই "এসএমই" প্ল্যাটফরম থেকে পুঁজি বা মূলধন সংগ্রহ করবে এসব বিষয়ে আলোচনা করেন সেমিনারের মূল বক্তা মোহাম্মদ নজরুল ইসলাম, ডিপুটি ডিরেক্টর, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সিএসইর ব্যবস্থাপনা পরিচালক (ভারপ্রাপ্ত) মোঃ গোলাম ফারুক; সিআরও শামসুর রহমান; উপ-মহাব্যবস্থাপক ও হেড অফ আইটি মেজবাহ উদ্দিন; উপ-মহাব্যবস্থাপক ও লিগ্যাল অ্যাফেয়ার্স বিভাগের প্রধান সোনিয়া হোসেন; উপ-মহাব্যবস্থাপক ও হেড অফ মার্কেটিং অ্যান্ড বিজনেস প্রমোশন একেএম শাহরোজ আলম এবং উপ-মহাব্যবস্থাপক ও হেড অফ ট্রেক মার্কেটিং অ্যান্ড সার্ভিসেস নাহিদুল ইসলাম খান।

একজন উদ্যোক্তাকে এই প্ল্যাটফরমের মাধ্যমে পুঁজি সংগ্রহ করতে হলে প্রথমে তাঁর কোম্পানিকে পাবলিক লিমিটেড কোম্পানি করতে হবে, এতে কোম্পানির পরিশোধিত মূলধন-এর কোনো বাধ্যবাধকতা নেই। লিস্টেড হওয়ার পর কোম্পানির পরিশোধিত মূলধন ৫ কোটি থেকে সর্বোচ্চ ৩০ কোটি টাকা পর্যন্ত করতে পুঁজি সংগ্রহ করতে পারবেন। এই কোম্পানির বিনিয়োগকারী হবে প্রাতিষ্ঠানিক কিংবা কোনো প্রতিষ্ঠান, যেমন ব্যাংক, মার্চেন্ট ব্যাংক, পোর্টফোলিও ম্যানেজার, অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানি,

ইন্স্যুরেন্স কোম্পানি ইত্যাদি। রেসিডেন্ট বা নন রেসিডেন্ট বাংলাদেশী যাদের মিনিমাম networth ১ কোটি টাকা তারাও কোম্পানির share কিনতে পারবেন। এসএমই কোম্পানির সুনাম বৃদ্ধি পাবে। নানাবিধ আয়কর সুবিধা আছে। যদি কোনো কোম্পানি sme প্ল্যাটফরম থেকে মূল মার্কেটে যেতে চায় তাতে যাওয়ার সুবিধাও আছে। সে ক্ষেত্রে সে কোম্পানিকে ৩০ কোটি টাকা থেকে বেশি মূলধন সংগ্রহ করতে হবে। sme প্ল্যাটফরম-এ আসতে সর্বমোট ১৭০ দিন সময় লাগবে।

বাংলাদেশ ব্যাংক প্রদত্ত প্রশিক্ষণ

০১-০২ সেপ্টেম্বর ২০১৯ ঢাকা: বাংলাদেশ ব্যাংক সিএসই ঢাকা অফিসের সম্মেলন কক্ষে সিএসইর ট্রেক হোল্ডারদের ফিন্যান্স বিভাগীয় প্রতিনিধিদের জন্যে দুদিনব্যাপী "Providing information/data on liabilities and Assets of CSE TRECh through rationalized Input Tamplate (RTI)" শীর্ষক পরিচিতকরণমূলক প্রশিক্ষণের আয়োজন করে। বাংলাদেশ ব্যাংকের জয়েন্ট ডিরেক্টর মোঃ মহীদুল ইসলাম প্রশিক্ষণ প্রদান করেন। প্রথম দিন ডুয়েল এবং দ্বিতীয় দিন সিঙ্গেল ট্রেক-এর প্রতিনিধিগণ আমন্ত্রিত থাকেন। প্রত্যেক ট্রেক থেকে দুজন এতে অংশ নেন।

বিএসইসি প্রেস বিজ্ঞপ্তি

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১২১

তারিখঃ ১৯ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
০৩ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৯৫তম কমিশন সভা আজ কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. ইতোপূর্বে কমিশনের ৬৫৫তম সভায় ADN Telecom Limited কর্তৃক প্রাথমিক গণ প্রস্তাব (IPO) এর মাধ্যমে সাধারণ শেয়ার ইস্যু করে ৫৭ (সাতান্ন) কোটি টাকার তহবিল উত্তোলনের জন্য বুক বিল্ডিং পদ্ধতিতে ইস্যু মূল্য নির্ধারণের জন্য যোগ্য বিনিয়োগকারীগণের (Eligible Investors) বিডিং এর অনুমোদন প্রদান করা হয়েছিল। যোগ্য বিনিয়োগকারীগণ (Eligible Investors) বিডিং-এর মাধ্যমে উক্ত কোম্পানীর প্রতিটি শেয়ার ৩০.০০ (ত্রিশ) টাকায় প্রান্ত-মূল্য (□□□-□□□ □□□□□) নির্ধারণ করে। সে অনুযায়ী ১,১৮,৭৫,০০০ টি সাধারণ শেয়ার ৩০.০০ (ত্রিশ) টাকা মূল্যে যোগ্য বিনিয়োগকারীর (El i gi bl e I nvest or s) ও ২৭.০০ (সাতাশ) টাকা মূল্যে (কাট-অফ মূল্য থেকে ১০% বাট্টায়) ৭৯,১৬,৬৬৬ টি সাধারণ শেয়ার সাধারণ বিনিয়োগকারীর (অনিবাসী বাংলাদেশীসহ) নিকট ইস্যুর প্রস্তাবে কমিশন আজকের সভায় অনুমোদন প্রদান করেছে। এই IPO এর মাধ্যমে কোম্পানীটি ৫৭ (সাতান্ন) কোটি টাকা পুঁজি উত্তোলন করে ভৌত কাঠামো উন্নয়ন (BMRE for infrastructure development), ডাটা সেন্টার স্থাপন, ব্যাংক ঋণ পরিশোধ এবং প্রাথমিক গণ প্রস্তাবের খরচ খাতে ব্যয় করবে। কোম্পানীটির ৩০ শে জুন ২০১৭ তারিখে সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি নেট এ্যাসেট ভ্যালু (NAV) টাকা ১৬.১৩ এবং বেসিক শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৫২ ও সমন্বিত শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৩৬। ভারিত গড় হারে শেয়ার প্রতি আয় (Weighted average EPS) টাকা ১.৮১। কোম্পানীটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজত রয়েছে আইসিবি ক্যাপিটাল ম্যানেমেন্ট লিঃ। উল্লেখ্য যে, কোম্পানীটির ৩০ শে জুন ২০১৮ তারিখে সমাপ্ত বৎসরের সর্বশেষ নিরীক্ষিত আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি নেট এ্যাসেট ভ্যালু (NAV) টাকা ১৮.৮০ এবং বেসিক শেয়ার প্রতি আয় (EPS) টাকা ২.৬৭।

২. Build Bangladesh Social Entrepreneurs Fund নামক একটি ইমফ্যাক্ট ফান্ড এর নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত আজকের সভায় গৃহীত হয়, যে ফান্ডটির আকার ৮৩ কোটি টাকা এবং এর মেয়াদ হবে ১০ বছর। ফান্ডটির উদ্যোক্তা JC Management Company Limited, ফান্ড ম্যানেজার ইমপ্রেস ক্যাপিটাল লিঃ এবং ট্রাস্টি গ্রীণ ডেল্টা ইন্স্যুরেন্স কোঃ লিঃ। ফান্ডটি মূলত দেশের সামাজিক ও পরিবেশ এর উন্নয়নের উদ্দেশ্যে কৃষি ও খাদ্য প্রক্রিয়াকরণ, স্বাস্থ্য ও নিরাপত্তা, নবায়নযোগ্য ও বিশুদ্ধ জ্বালানি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, টেকসই উৎপাদনখাত, শিক্ষা, প্রকৌশল, পর্যটন ইত্যাদিতে বিনিয়োগ করবে।

৩. গত দুই বছরের ন্যায় এবছরও কমিশন কর্তৃক আগামী ৩০ সেপ্টেম্বর ২০১৯ থেকে ০৪ অক্টোবর ২০১৯ তারিখ পর্যন্ত International Organization of Securities Commissions (IOSCO) কর্তৃক ঘোষিত বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ, ২০১৯ উদ্‌যাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ উপলক্ষ্যে সেমিনার, ওয়ার্কশপ, আলোচনা সভাসহ নানাবিধ কর্মসূচি পালন করা হবে।

৪. বাজার মধ্যস্থতাকারী (তালিকাভূক্ত কোম্পানী ব্যতীত) প্রতিষ্ঠানসমূহের বিরুদ্ধে আনীত অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত তথ্য অদ্যকার কমিশন সভায় উপস্থাপিত হয়। বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের একটি অতি গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ। বিনিয়োগকারীদের স্বার্থ রক্ষায় বিনিয়োগকারীদের দাখিলকৃত অভিযোগ নিষ্পত্তির জন্য কমিশন সবচেয়ে বেশি গুরুত্ব দিয়ে থাকে। ২০১৮-২০১৯ অর্থবৎসরে কমিশন বিনিয়োগকারীদের অভিযোগ দ্রুত নিষ্পত্তির জন্য বিভিন্ন প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করেছে যার ফলে এই আর্থিক বৎসরে নিষ্পত্তিকৃত অভিযোগের হার ৭৮.২১%। কিছু অভিযোগের ক্ষেত্রে কমিশন এনফোর্সমেন্ট কার্যক্রম গ্রহণ করেছে। যদি এনফোর্সমেন্ট বিভাগের ব্যবস্থা গ্রহণ এই হিসাবে আনা হয় তাহলে অভিযোগ নিষ্পত্তির হার হবে ৯২.০৭%।

কমিশন ডিএসই এবং সিএসই-এর ট্রেক হোল্ডারদের দাখিলকৃত বার্ষিক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে। ২০১৮-২০১৯ অর্থবৎসরে বার্ষিক নিরীক্ষিত আর্থিক প্রতিবেদন পরীক্ষা করে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের মাধ্যমে বিনিয়োগকারীদের সমন্বিত গ্রাহক হিসাবে ঘাটতি ৮৮২,২৫৬,৯১৬.০০ টাকা এবং কোম্পানির পরিচালকবৃন্দ কর্তৃক নিয়ম বর্হিভূতভাবে গৃহীত ঋণ ৭০,৮৭৬,০৫৫.০০ টাকা অর্থ্যাৎ মোট (৮৮২,২৫৬,৯১৬.০০+৭০,৮৭৬,০৫৫.০০) ৯৫৩,১৩২,৯৭১.০০ টাকা ঘাটতি এবং ঋণ সমন্বয় করা হয়েছে। কমিশন কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ফলে উক্ত ঘাটতি এবং পরিচালকবৃন্দ কর্তৃক নিয়ম বর্হিভূতভাবে

গৃহীত ঋণ সংশ্লিষ্ট ট্রেকহোল্ডারদের কোম্পানী হিসাবে ফেরত আনা হয়েছে । এসংক্রান্ত একটি সংক্ষিপ্ত বিবরনী নিচে তুলে ধরা হলো:

সমন্বিত গ্রাহক হিসাবের ঘাটতি সমন্বয়ের সারসংক্ষেপ:

বিবরণ	ডিএসই-এর ট্রেক হোল্ডার		সিএসই-এর ট্রেক হোল্ডার	
	কোম্পানীর সংখ্যা	টাকা	কোম্পানীর সংখ্যা	টাকা
আলোচনা সভার মাধ্যমে সমন্বয়	১৬	২৮১,৮২৭,৩৭৮.০০	০৩	২৬,০২৪,৪৯৮.০০
নির্দেশনা দেয়ার পর সমন্বয়	০৫	৪৯৯,২২৪,৫৬৩.০০	০২	৭৫,১৮০,৪৭৭.০০
মোট	২১	৭৮১,০৫১,৯৪১.০০	০৫	১০১,২০৪,৯৭৫.০০
মোট ডিএসই+সিএসই (৭৮১,০৫১,৯৪১.০০+১০১,২০৪,৯৭৫.০০)=৮৮২,২৫৬,৯১৬.০০				

নির্দেশনা জারির পর নিম্ন বর্ণিত ট্রেক হোল্ডারদের সমন্বিত গ্রাহক হিসাবে ঘাটতি সমন্বয়ের বিবরন নিম্নে দেয়া হলো:

নাম	গ্রাহক হিসাবের ঘাটতির পরিমান	ঘাটতি সমন্বয়ের পরিমান
শ্যামল ইক্যুইটি ম্যানেজমেন্ট লি. (ডিএসই ০৩)	২২,৬৪,৪৬,৪১১.১৬	২২,৬৪,৪৬,৪১১.১৬
জয়তুন সিকিউরিটিজ ইন্টা. লি. (ডিএসই ১৪৮)	৯,৭৭,৭৩,০৩৮.০০	৯,৭৭,৭৩,০৩৮.০০
সার্প সিকিউরিটিজ লি. (ডিএসই ২১৬)	১২,১৯,৭৯,৮৮২.৩১	১২,১৯,৭৯,৮৮২.৩১
লতিফ সিকিউরিটিজ লি. (ডিএসই ৮০)	১,৫৬,৮৩,৫৮৯.০০	১,৫৬,৮৩,৫৮৯.০০
প্রিমিয়ার লিজিং সিকিউরিটিজ ব্রোকিং লি. (ডিএসই ১৩৬)	৩,৭৩,৪১,৬৪৩.০০	৩,৭৩,৪১,৬৪৩.০০
এস.আর. ক্যাপিটাল সিকিউরিটিজ লি. (সিএসই ৩৮)	৩,২৪,৭৬,৬০৭.০০	৩,২৪,৭৬,৬০৭.০০
ইস্টার্ণ শেয়ারস্ এন্ড সিকিউরিটিজ লি. (সিএসই ৫৮)	৪,২৭,০৩,৮৭০.০০	৪,২৭,০৩,৮৭০.০০
মোট	৫৭,৪৪,০৫,০৪০.৪৭	৫৭,৪৪,০৫,০৪০.৪৭

নির্দেশনা জারির পর কোম্পানির পরিচালকবৃন্দ কর্তৃক নিয়ম বহির্ভূতভাবে গৃহীত ঋণ সুবিধা সমন্বয়ের সারসংক্ষেপ:

বিবরণ	ডিএসই-এর ট্রেক হোল্ডার		সিএসই-এর ট্রেক হোল্ডার	
	কোম্পানীর সংখ্যা	টাকা	কোম্পানীর সংখ্যা	টাকা
আলোচনা সভার মাধ্যমে সমন্বয়	০৩	১৮,০৭৭,৭০০.০০	০১	৫,৭৮৮,৩৫৫.০০
নির্দেশনা দেয়ার পর সমন্বয়	০১	৪৭,০১০,০০০.০০	-	-
মোট	০৪	৬৫,০৮৭,৭০০.০০	০১	৫,৭৮৮,৩৫৫.০০
মোট ডিএসই+সিএসই (৬৫,০৮৭,৭০০.০০+৫,৭৮৮,৩৫৫.০০)= ৭০,৮৭৬,০৫৫.০০				

০৩/০১/২০১৯

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১২২

তারিখঃ ২৮ ভাদ্র ১৪২৬ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৯৬তম কমিশন সভা আজ কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ অর্ডিন্যান্স, ১৯৬৯ এর ধারা ২১ এবং সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ আইন, ১৯৯৩ এর ধারা ১৭(ক) এ প্রদত্ত ক্ষমতাবলে গঠিত তদন্ত কমিটি কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন অদ্য ১২ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে কমিশনের ৬৯৬তম সভায় পর্যালোচনা ও পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপস্থাপন করা হয়। উপস্থাপিত তদন্ত প্রতিবেদনে বিভিন্ন তালিকাভুক্ত কোম্পানীর (ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিসট্রিবিউশন কো: লি:, ভিএফএস থ্রেড ডাইং লি:, আইপিডিসি ফাইন্যান্স লি:, এস.এস. স্টিল লি:, ইনটেক লি:, সায়হাম টেক্সটাইলস লি:, সায়হাম কটন মিলস লি:, রূপালী লাইফ ইনসুরেন্স লি:, মন্নু সিরামিকস ইন্ডাষ্ট্রিজ লি:, মন্নু জুট স্টাফলারস লি:, আইসিবি এবং ডাচ বাংলা ব্যাংক লি:) শেয়ার মূল্য সংবেদনশীল তথ্যের পূর্ব-প্রাপ্তির ভিত্তিতে লেনদেন, বাজার কারসাজি, সিরিজ অব ট্রেডিং, আচরণবিধি ভঙ্গ, অতিরিক্ত ঋণ প্রদান, অটো ক্লাইন্ট ট্রেড, আর্থিক প্রতিবেদনে অনিয়ম, শর্ট সেলিং, সার্কুলার ট্রেডিং এর মাধ্যমে বিভিন্ন ব্যক্তি ও প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, বাজার মধ্যস্থতাকারী প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠানে কর্মরত ব্যক্তিবর্গ কর্তৃক সিকিউরিটিজ সংক্রান্ত আইন ও বিধিমালা পরিপালনে ব্যত্যয় পরিলক্ষিত হয়। উক্ত তদন্ত প্রতিবেদন সার্বিক পর্যালোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

(ক) তদন্ত প্রতিবেদনে যাদের বিরুদ্ধে আইন ভঙ্গের অভিযোগ উত্থাপিত হয়েছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য তদন্ত প্রতিবেদটি এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) মুন্নু ওয়েলফেয়ার ফাউন্ডেশন কর্তৃক মুন্নু সিরামিকস ইন্ডা: লি: এবং মুন্নু জুট স্টাফলারস লি: এর ধারণকৃত শেয়ারসমূহ তদন্ত প্রতিবেদন অনুযায়ী পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ না হওয়া পর্যন্ত ফ্রিজ (শেয়ার ক্রয়-বিক্রয়, হস্তান্তর, বন্ধকসহ সকল ধরনের লেনদেন) থাকবে। উল্লেখ্য, মুন্নু ওয়েলফেয়ার ফাউন্ডেশন প্রতিষ্ঠানটি মুন্নু সিরামিকস ইন্ডা: লি: এবং মুন্নু জুট স্টাফলারস লি: এর কর্পোরেট ডিরেক্টর।

(গ) তদন্ত প্রতিবেদন অনুযায়ী পরবর্তী আইনগত ব্যবস্থা গ্রহণ না হওয়া পর্যন্ত নিম্নোক্ত হিসাবধারকগণের তহবিল উত্তোলন ও স্থানান্তর এবং লিংক একাউন্টের মাধ্যমে শেয়ারসমূহ স্থানান্তর বন্ধ থাকবে; তবে, উল্লেখিত হিসাবধারীগণ সেকেন্ডারি মার্কেটে নিয়মিতভাবে শেয়ার লেনদেন করতে পারবেঃ

(১) জনাব বিশ্বজিত দাস ও তার স্ত্রী;
(২) জনাব কাজী মো: শাহাদাত হোসাইন ও বি এন্ড বি এস ট্রেড ইন্টারন্যাশনাল;
(৩) জনাব মো: সাইফ উল্লাহ;
(৪) জনাব হোসাম মো: সিরাজ;
(৫) জনাব এ এস এস আহাসান হাবিব চৌধুরী; এবং
(৬) জনাব মো: লুৎফুল গনি টিটো ও তার স্ত্রী এবং তার মালিকানাধীন প্রতিষ্ঠান সাতরং এগ্রো ফিশারিজ লিঃ।

এছাড়াও, মুন্নু সিরামিকস ইন্ডাঃ লিঃ এর শেয়ার লেনদেন ও আর্থিক প্রতিবেদনে অনিয়ম এবং কর্পোরেট ডিক্লারেশনের মাধ্যমে মুন্নু ওয়েলফেয়ার ফাউন্ডেশন কর্তৃক শেয়ার বিক্রি সংক্রান্ত বিষয়ে কমিশনের তদন্ত প্রতিবেদন ও ডিএসই কর্তৃক দাখিলকৃত প্রতিবেদন পর্যালোচনা পূর্বক মুন্নু সিরামিকস ইন্ডাঃ লিঃ, মুন্নু ওয়েলফেয়ার ফাউন্ডেশন এবং সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণ এবং মুন্নু সিরামিকস ইন্ডাঃ লিঃ এর শেয়ার পাবলিক মার্কেট থেকে পরবর্তী কার্যদিবস থেকে স্পট মার্কেটে লেনদেন স্থানান্তরের সিদ্ধান্তও গৃহীত হয়।

২. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড গত ১০.০৭.২০১৯ ইং তারিখে Al-Haj Textile Mills Limited এর শেয়ারহোল্ডার পরিচালক জনাব মো: শামসুল হুদার বিরুদ্ধে ফেব্রুয়ারী মাসে declaration ছাড়া 20,000 শেয়ার বিক্রির অভিযোগে কমিশনে একটি তদন্ত রিপোর্ট প্রেরণ করে। এটি Regulation 34(1) of the Dhaka Stock Exchange (Listing) Regulations, 2015 এর বিধান লঙ্গন। এছাড়া উক্ত কোম্পানির স্পন্সর ও শেয়ারহোল্ডার পরিচালকদের মোট শেয়ারহোল্ডিং এর পরিমাণ ৩০% এর নিচে থাকায় এটি কমিশনের Notification No. SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 (Notification No.BSEC/CMRRCD/2009-193/217/Admin/90; dated May 21, 2019 দ্বারা প্রতিস্থাপিত) এরও লঙ্গন। উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করার অপরাধে বিষয়টি কমিশনের এনফোর্সমেন্ট বিভাগে গত ৩০.০৭.২০১৯ ইং তারিখে প্রেরণ করা হয়।

পরবর্তীতে এ বিষয়ে আরও অনুসন্ধান করে দেখা যায় যে, জনাব মো: শামসুল হুদা ৩১.১২.২০১৭ ইং থেকে ০৮.০৯.২০১৯ ইং তারিখ পর্যন্ত Al-Haj Textile Mills Limited এর ৪,৮৪,৪৪১ টি শেয়ার বিক্রি এবং ৯,১০০ টি শেয়ার ক্রয় করেছেন ট্রেক হোল্ডার ANF Management Co. Ltd. (DSE TREC No. # 117) এর মাধ্যমে। তিনি উক্ত ট্রেক হোল্ডার কোম্পানীর ব্যবস্থাপনা পরিচালক। উক্ত

লেনদেনের ফলে কোম্পানির মোট শেয়ারহোল্ডিং ৩০% এর আরও নিচে নেমে আসে। এছাড়া, কমিশনের Securities and Exchange Rules, 1987 এর Rule 8(1)(ccc) অনুযায়ী Customer Account Information Form (Form 1A) এ কোম্পানির পরিচালক হিসেবে তিনি কোন তথ্য প্রদান করেননি। অধিকন্তু, ১৫.০১.২০১৯ ইং তারিখে কোম্পানি অগ্রণী ব্যাংক লিমিটেড থেকে ৫৫,৮৩,৪৬,৫৭৮.০০ টাকা পাওয়া প্রসঙ্গে একটি মূল্য সংবেদনশীল তথ্য প্রকাশ করে, যা পরবর্তীতে সঠিক নয় বলে প্রতীয়মান হয়।

Al-Haj Textile Mills Limited এর পরিচালক আলহাজ্ব মো: শামসুল হুদার বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ:

(ক) কমিশনের Notification No. SEC/CMRRCD/2009-193/119/Admin/34 dated November 22, 2011 (Notification No. BSEC/CMRRCD/2009-193/217/Admin/90; dated May 21, 2019 দ্বারা প্রতিস্থাপিত) এর লংঘন করে জনাব মো: শামসুল হুদা কর্তৃক শেয়ার বিক্রয়।

(খ) Dhaka Stock Exchange (Listing) Regulations, 2015 এর Regulation 34(1) এর লংঘন যেহেতু পরিচালক হিসেবে ঘোষণা না দিয়ে তিনি শেয়ার বিক্রি করেছেন।

(গ) Rule 8(1)(ccc) of the Securities and Exchange Rules, 1987 এর লংঘন যেহেতু Customer Account Information Form (Form 1A) এ কোম্পানির পরিচালক হিসেবে তিনি প্রয়োজনীয় তথ্য প্রদান করেননি।

(ঘ) ক্রয়-বিক্রয়ে বিধি-নিষেধ থাকাকালীন সময়ে শেয়ার লেনদেন করার মাধ্যমে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪ এর উপ-বিধি (২) এর বিধান তিনি লংঘন করেছেন।

(ঙ) ৩১.১২.২০১৭ ইং থেকে ০৮.০৯.২০১৯ ইং তারিখ পর্যন্ত জনাব মো: শামসুল হুদার Al-Haj Textile Mills Limited এর শেয়ার লেনদেন পর্যালোচনা করে দেখা যায় যে, তিনি Securities and Exchange Ordinance, 1969 এর ১৪ ধারার বিধান লংঘন করেছেন।

উপরোক্ত সিকিউরিটিজ আইনসমূহ ভঙ্গ করার অপরাধে জনাব মো: শামসুল হুদার বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য এনফোর্সমেন্ট বিভাগকে নির্দেশ দেয়া হয়েছে এবং উক্ত এনফোর্সমেন্ট সিদ্ধান্ত পর্যন্ত জনাব মোঃ শামসুল হুদার সমস্ত সিকিউরিটিজ স্থগিত (freez) করার বিষয়ে কমিশন সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

এছাড়া ANF Management Co. Ltd (TREC Holder No. # 117) এর বিরুদ্ধে আনীত অভিযোগ সমূহ এনফোর্সমেন্ট বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

অধিকন্তু, Al-Haj Textile Mills Limited এর শেয়ার লেনদেন পরবর্তী কার্যদিবস থেকে Spot Market এ দেয়ার সিদ্ধান্ত কমিশন সভায় গ্রহণ করা হয়।

৩. বুলবুল সিকিউরিটিজ (DSE TREC No. 032) ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর TREC Holder যারা আইনগত সমস্যা থাকার কারনে এখনও কোম্পানী হিসাবে স্টক ব্রোকার এবং ডিপজিটরি অংশগ্রহণকারী নিবন্ধন সনদ গ্রহণ করেনি। সাম্প্রতিক সময়ে উক্ত আইনগত সমস্যার নিষ্পত্তি হয়েছে। বুলবুল সিকিউরিটিজ-এর আবেদনের পরিপ্রেক্ষিতে কমিশন অক্টোবর ১৫, ২০১৯ পর্যন্ত সময় বর্ধিত করেছে। উক্ত সময়ের মধ্যে আনুষ্ঠানিকতা সম্পন্ন করে প্রতিষ্ঠানটি কোম্পানী হিসাবে স্টক ব্রোকার এবং ডিপজিটরি অংশগ্রহণকারী নিবন্ধন সনদের জন্য আবেদন করবে। এ বিষয়ে আর কোন সময় বর্ধিত করা হবে না মর্মে কমিশন সভায় সিদ্ধান্ত গৃহীত হয়েছে। যদি বুলবুল সিকিউরিটিজ উক্ত সময়ের মধ্যে নিবন্ধন সনদের জন্য আবেদন করতে ব্যর্থ হয়, তবে উক্ত সময়ের পরে প্রতিষ্ঠানটি স্টক ব্রোকার এবং ডিপজিটরি অংশগ্রহণকারী হিসেবে কোন কার্যক্রম পরিচালনা করতে পারবে না।

১২/০৯/২০১৯

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১২৫

তারিখঃ ০৩ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৯৭তম কমিশন সভা আজ কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড এর ৫০০ কোটি টাকার Non-convertible Subordinated Bond এর প্রস্তাব কমিশন অনুমোদন করেছে, যার মেয়াদ হবে ৭ বছর । এর বৈশিষ্ট্য হচ্ছে, Non-convertible, Unlisted, Fully Redeemable, Floating Rated এবং Subordinated Bond। বন্ডটি ০৭ বছরে পূর্ণ অবসায়ন হবে, শুধুমাত্র প্রতিষ্ঠানিক বিনিয়োগকারী এবং উচ্চ সম্পদধারী ব্যাক্তিরাই প্রাইভেট প্লেসমেন্টের মাধ্যমে এই বন্ডটি ক্রয় করতে পারবেন। উল্লেখ্য, এই বন্ড ইস্যুর মাধ্যমে বিভিন্ন প্রতিষ্ঠান থেকে অর্থ উত্তোলন করে স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড Tier II Capital Base শক্তিশালী করবে। স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড Non-convertible Subordinated Bond এর প্রতি ইউনিটের অভিহিত মূল্য ১ (এক) কোটি টাকা। এই বন্ডের এবং মেন্ডেটেড জয়েন্ট অ্যারেঞ্জার এবং ট্রাস্টি হিসাবে কাজ করছে যথাক্রমে সিটি ব্যাংক ক্যাপিটাল রিসোর্সেস লিমিটেড, এসবিএল ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড এবং এমটিবি ক্যাপিটাল লিমিটেড।

২. মুন্নু সিরামিক ইন্ডাস্ট্রিজ লিঃ এবং মুন্নু জুট স্ট্যাপলার্স লিঃ এর শেয়ার মূল্যে কারসাজি (manipulation) সংক্রান্ত ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর প্রস্তাবের প্রেক্ষিতে আজকের কমিশন সভায় Dhaka Stock Exchange (Listing) Regulations, 2015 এর Regulation 54(1) অনুযায়ী আগামী চৌদ্দ (১৪) কার্যদিবসের মধ্যে উপরোক্ত বিষয়ে পরিদর্শন কার্যক্রম সম্পাদনপূর্বক উক্ত Regulation এ বর্ণিত সময়ের মধ্যে কমিশনে প্রতিবেদন দাখিল করার জন্য ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ কে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

১৮/০৯/২০১৯

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১২৮

তারিখঃ ১৬ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৯৮তম কমিশন সভা আজ কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. কমিশন অদ্যকার সভায় গোল্ডেন হার্ভেস্ট এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর রাইট শেয়ার (৩R:৪ অর্থাৎ বিদ্যমান চারটি সাধারন শেয়ারের বিপরীতে তিনটি রাইট শেয়ার) অনুমোদন করেছে। এই রাইট শেয়ারের মাধ্যমে গোল্ডেন হার্ভেস্ট এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড কে কমিশন ৮,৯৯,৩২,৩৪২ টি সাধারণ শেয়ার প্রতিটি ১০.০০ টাকা মূল্যে বাজারে ছেড়ে পুঁজি উত্তোলনের অনুমতি প্রদান করেছে। রাইটস শেয়ারের মাধ্যমে কোম্পানিটি মোট ৮৯,৯৩,২৩,৪২০.০০ টাকা মূলধন উত্তোলন করে ব্যবসায় সম্প্রসারণ এবং আংশিক ব্যাংক ঋণ পরিশোধ করবে। রাইটস শেয়ার ডকুমেন্ট অনুযায়ী (সেপ্টেম্বর ৩০, ২০১৮ অনুযায়ী) কোম্পানীটির শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV) টাকা ২২.৯৬ এবং শেয়ার প্রতি আয় টাকা ০.৬৪। উল্লেখ্য যে, বানকো ফাইন্যান্স অ্যান্ড ইনভেস্টমেন্ট লিমিটেড এবং আলফা ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিঃ উক্ত রাইট ইস্যুর ইস্যু ম্যানেজারের দায়িত্ব পালন করছে।

২. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর পরিদর্শন প্রতিবেদনে আদিল সিকিউরিটিজ লিঃ (ডিএসই ট্রেক নং- ১৭) এর বিরুদ্ধে নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখ করা হয়েছে :-

(ক) আদিল সিকিউরিটিজ লিঃ তাদের কোম্পানীর অনুমোদিত প্রতিনিধির নামে customer ও BO Account পরিচালিত করায় Dhaka Stock Exchange (Trading Right Entitlement Certificate) Regulation's, 2013 এর Regulation 14(3)(iv) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ৪(২)(৪) এর Deed of Agreement এর clause-5 ভঙ্গ করেছে;

(খ) আদিল সিকিউরিটিজ লিঃ তাদের কোম্পানীর একজন গ্রাহকের নামে একটি একক হিসাবের থেকে বেশী হিসাব পরিচালিত করায় ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধান ২৬(১) ভঙ্গ করেছে;

(গ) আদিল সিকিউরিটিজ লিঃ তাদের কোম্পানীর পরিচালককে মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMMRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010 ভঙ্গ করেছে;

(ঘ) আদিল সিকিউরিটিজ লিঃ তাদের কোম্পানীর কর্মচারীদের মার্জিন ঋণ সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMMRCD/2001-43/31 তারিখঃ March 23, 2010 ভঙ্গ করেছে;

(ঙ) আদিল সিকিউরিটিজ লিঃ তাদের কোম্পানীর গ্রাহকদেরকে মার্জিন ঋণ চুক্তিপত্র না থাকা সত্ত্বেও Cash Account এ ঋণের সুবিধা প্রদানের মাধ্যমে Margin Rules, 1999 এর Rule 3(1) ও 3(2) ভঙ্গ করেছে; এবং

(চ) আদিল সিকিউরিটিজ লিঃ তাদের কোম্পানীর গ্রাহকদের সিকিউরিটিজ সংক্রান্ত রেকর্ড সঠিকভাবে পরিচালিত না করে ডিপজিটরি (ব্যবহারিক) প্রবিধানমালা, ২০০৩ এর প্রবিধান ৩৪(১) ও (২) ভঙ্গ করেছে।

উক্ত সিকিউরিটিজ আইন লংঘনের জন্য কমিশন অদ্যকার সভায় আদিল সিকিউরিটিজ লিঃ কে ১ (এক) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. কমিশনের এসআরএমআইসি বিভাগের পর্যবেক্ষণে দেখা যায় যে, ড. মনোয়ার হোসেন (পিপলস্ লিজিং অ্যান্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড এর স্পন্সর) পূর্ব ঘোষণা ছাড়া পিপলস্ লিজিং অ্যান্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড এর ১,৫৮,৫৩২ টি শেয়ার বিক্রয় করেছেন। যার ফলে কমিশনের নোটিফিকেশন নং-SEC/CMRRCD/2009-193/49/Admin/03-48 তারিখঃ July 14, 2010 ভঙ্গ হয়েছে।

উক্ত লংঘনের জন্য কমিশন ড. মনোয়ার হোসেন (পিপলস্ লিজিং অ্যান্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড এর স্পন্সর) কে ১ (এক) লক্ষ টাকা জরিমানা করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

এছাড়া ড. মনোয়ার হোসেন (পিপলস্ লিজিং অ্যান্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লিমিটেড এর স্পন্সর) কর্তৃক ই-সিকিউরিটিজ লিমিটেড-এ পরিচালিত বিও হিসাব নং-১২০২৮৮০০১৮৪৮৫৩৮৪ ফ্রিজ করার সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রযোজ্য ক্ষেত্রে উক্ত শেয়ার বিক্রয় সংক্রান্ত কর পরিশোধের নির্দেশনা প্রদানেরও সিদ্ধান্ত গৃহীত হয়।

০১/১০/২০১৯

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

সূত্র নং-বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১২৯

তারিখ : ১৭ আশ্বিন, ১৪২৬ বঙ্গাব্দ
০২ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ

বিষয়: বিনিয়োগকারী ও পুঁজিবাজারের স্বার্থে নগদ লভ্যাংশ সংক্রান্ত নোটিফিকেশন অধিকতর স্পষ্টিকরণ প্রসঙ্গে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন কর্তৃক বিনিয়োগকারী ও পুঁজিবাজারের স্বার্থে তালিকাভুক্ত কোম্পানীর লভ্যাংশ ঘোষণা ও বিতরণ সংক্রান্ত কতিপয় শর্ত আরোপ করে গত ২০ জুন, ২০১৮ তারিখে নোটিফিকেশন নং- BSEC/CMRRCD/2006-158/208/Admin/81 এবং পরবর্তীতে বোনাস শেয়ার ঘোষণা সংক্রান্ত ২৩ মে, ২০১৯ তারিখে নোটিফিকেশন নং- BSEC/CMRRCD/2009-193/222/Admin/ 91 ইস্যু করা হয়।

উক্ত বিষয়ে বিনিয়োগকারী ও কোম্পানীর আবেদন পর্যালোচনা পূর্বক বিনিয়োগকারী ও পুঁজিবাজারের স্বার্থে অধিকতর স্পষ্ট করার প্রয়োজনে নগদ লভ্যাংশ সংক্রান্ত কমিশনের ব্যাখ্যা নিম্নরূপ:

> "এক্ষেত্রে অন্যান্য সিকিউরিটিজ আইন পরিপালন করে, স্টক এক্সচেঞ্জে তালিকাভুক্ত কোম্পানীসমূহ পুঞ্জিভূত লোকসান বিদ্যমান থাকা সত্ত্বেও সংশ্লিষ্ট বছরের অর্জিত মুনাফা হতে নগদ লভ্যাংশ সুপারিশ, ঘোষণা ও বিতরণ করতে পারবে।"

০২/১০/২০১৯

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সিএসইর ট্রেক হোল্ডার ও তালিকাভুক্ত কোপানির স্পন্সর শেয়ারহোল্ডারদের লেনদেনভিত্তিক আয়কর পরিশোধ

অর্থ-বছর ২০১৭-২০১৮	সিএসইর ট্রেক হোল্ডারদের দৈনিক লেনদেনের ওপর ০.০৫% হারে কর	স্পন্সর শেয়ার হোল্ডারদের দ্বারা শেয়ার/মিউচ্যুয়াল ফান্ড ট্রান্সফারের মাধ্যমে অর্জিত মূলধনী লাভের ওপর ৫% হারে কর
	Sec 53 BBB অনুযায়ী	Sec 53 M অনুযায়ী
মাস	টাকা	টাকা
অক্টোবর ২০১৮	৫৯,০৪,৬৫৮.৫২	১৮১,৫৬,৪৫৬.০০
নভেম্বর ২০১৮	৫২,৭৯,৩৭১.১৮	২,৮৩,৫৭,৫৮৯.০০
ডিসেম্বর ২০১৮	৭৬,৬৮,৩৭৫.৩২	৫৫,৮০,৪৪৩.০০
জানুয়ারি ২০১৯	১০২,১৫,৮৭৭.৮৮	৯২,২৩,২৫২.০০
ফেব্রুয়ারি ২০১৯	৪৮,১৬,৬১৭.৮৩	২৭,৮৮,৬১৭.০০
মার্চ ২০১৯	৩৪,৭৫,৯৩৮.৫৬	৬,৭৯,৬৮১.০০
এপ্রিল ২০১৯	৪৬,২৭,১২৪.৮০	৬৫,২৩৭.০০
মে ২০১৯	৪৫,৫১,৩৪০.৭৪	১১,৬৭,৩৭৫.০০
জুন ২০১৯	৯০,৫১,৯৬৬.১৪	-
জুলাই ২০১৯	৪৯,২৩,০০৩.৫৩	১৭,৬৬,৬০১.০০
আগস্ট ২০১৯	৫৯,৮৩,১৩৫.০৪	২,৯২,৫০০.০০
সেপ্টেম্বর ২০১৯	৫৪,৭৪,৯১৮.০৪	৭৬,৮৮,৩১৮.০০

সিএসইতে ফরেন ট্রেড

মাস/বছর	লেনদেন এর পরিমাণ (কোটি টাকা)
অক্টোবর'১৮	৬৫.৩০
নভেম্বর'১৮	-
ডিসেম্বর'১৮	৩৩১.৬৩
জানুয়ারি'১৯	০.০৫৫
ফেব্রুয়ারি'১৯	-
মার্চ'১৯	৩.১০
এপ্রিল'১৯	৭০.৫১
মে'১৯	১.৯১
জুন'১৯	২১.৭৯
জুলাই'১৯	২৫.০৭
আগস্ট'১৯	৯২.৬৩
সেপ্টেম্বর'১৯	৬৭.৬৭

সূত্র নং-বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৩০ তাং ০৩ অক্টোবর, ২০১৯ খ্রিষ্টাব্দ।

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ-২০১৯ উদযাপন উপলক্ষ্যে Conference on awareness of retail investors regarding fixed income securities এর আয়োজন প্রসঙ্গে।

বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ-২০১৯ উদযাপন উপলক্ষ্যে আজ বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম) এর উদ্যোগে সিকিউরিটিজ কমিশন ভবনে Conference on awareness of retail investors regarding fixed income securities এর উপর দু'টি পর্বে একটি সম্মেলনের আয়োজন করা হয়। কনফারেন্স এর উদ্বোধন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ও বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস এর বোর্ড অব গভর্নরস এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। এ সময় কমিশনের কমিশনারবৃন্দ প্রফেসর মো: হেলাল উদ্দিন নিজামী, ড. স্বপন কুমার বালা ও খন্দকার কামালউজ্জামান উপস্থিত ছিলেন। উদ্বোধনী বক্তব্যে কমিশনের চেয়ারম্যান মহোদয় উল্লেখ করেন যে পুঁজিবাজারের উন্নয়নে প্রশিক্ষিত দক্ষ জনবল ও বিনিয়োগকারী গড়ে তোলার লক্ষ্যে বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস প্রতিষ্ঠা করা হয়েছে। এছাড়াও অন্যান্যের মধ্যে বিনিয়োগে ঝুঁকি হ্রাসে ফিক্সড ইনকাম সিকিউরিটিজ এর সরবরাহ বৃদ্ধির উপর গুরুত্ব আরোপ করেন।

কনফারেন্সের প্রথম পর্বে Prospects and Challenges of long term financing instruments এর উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালক ও বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস এর অতিরিক্ত মহা-পরিচালক মোহাম্মদ রেজাউল করিম। এ পর্বে প্যানেল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন Insurance Development and Regulatory Authority (IDRA) এর পরিচালক কামরুল হক মারুফ এবং বাংলাদেশ ব্যাংকের Debt Management Department এর মহা-ব্যবস্থাপক মো: খুরশিদ আলম। পর্বটি পরিচালনা করেন World Bank এর সিনিয়র ফাইন্যান্সিয়াল সেক্টর এনালিস্ট একেএম আবদুল্লাহ। এ পর্বের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার ড. স্বপন কুমার বালা।

কনফারেন্সের দ্বিতীয় পর্বে Investment in Asset Backed Securities and Sukuk এর উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের উপ-পরিচালক মো: ইকবাল হোসেন। এ পর্বে প্যানেল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের পরিচালক ও বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস এর অতিরিক্ত মহা-পরিচালক মোহাম্মদ রেজাউল করিম, উপ-পরিচালক শেখ মো: লুৎফুল কবির। এ সেশনটি পরিচালনা করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বাংলাদেশ একাডেমী ফর সিকিউরিটিজ মার্কেটস এর মহা-পরিচালক মাহবুবুল আলম। এ পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের কমিশনার প্রফেসর মো: হেলাল উদ্দিন নিজামী। দিনব্যাপী এই কনফারেন্সে বাংলাদেশ ব্যাংক, স্টক এক্সচেঞ্জ, ব্যাংক, নন-ব্যাংক ফিন্যান্সিয়াল ইন্সটিটিউট, মার্চেন্ট ব্যাংকার, এ্যাসেট ম্যানেজম্যান্ট কোম্পানীজ এবং ফান্ড ম্যানেজারদের প্রতিনিধি প্রায় ২০০ জন উপস্থিত ছিলেন।

For 03-10-19

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৩০

তারিখঃ ২১ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
০৬ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

IOSCO এর Committee on Retail Investors বিশ্বব্যাপী ২০১৭ সাল থেকে বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ পালনের সিদ্ধান্ত গ্রহণ করে।এ বিষয়ে বিস্তারিত তথ্যাদি প্রদানের জন্য IOSCO একটি আলাদা ওয়েবসাইট রয়েছে www.worldinvestorweek.org। IOSCO এর সদস্য দেশ হিসাবে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ২০১৭ সাল থেকে প্রতিবছর বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ পালন করে আসছে। এরই অংশ হিসাবে এ বছর ৩০ সেপ্টেম্বর - ৬ অক্টোবর ২০১৯ সময়কালে সপ্তাহব্যাপী বিভিন্ন কার্যক্রমের আয়োজন করা হয়। উক্ত সময়কালে সেমিনার, কনফারেন্স, ওয়ার্কশপ, আলোচনা সভা এবং প্রশিক্ষণ কর্মসূচীসহ বিবিধ কার্যক্রমের আয়োজন করা হয়। ৩০ সেপ্টেম্বর ২০১৯ তারিখে এ সপ্তাহের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিএসইসি এর মাননীয় চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। অদ্য ০৬ অক্টোবর ২০১৯ তারিখে বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর মাল্টি পারপাস হলে উক্ত সপ্তাহের সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। সপ্তাহব্যাপী আয়োজনের বিস্তারিত নিম্নে দেয়া হলো;

বিশ্ব বিনিয়োগকারী সপ্তাহ ২০১৯
৩০ সেপ্টেম্বর -০৬ অক্টোবর

তারিখ	অনুষ্ঠানসূচী
৩০সেপ্টেম্বর ২০১৯	উদ্বোধনী অনুষ্ঠান: বিনিয়োগকারীদের অভিযোগ নিষ্পত্তির জন্য "Customer Complain Address Module (CCAM)" এর অনলাইন প্ল্যাটফর্ম উদ্বোধন। প্রধান অতিথি: ড. এম. খায়রুল হোসেন, চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন টেকনিক্যাল সেশন: Workshop on Protection of customer interest through compliance প্রধান অতিথি: খোন্দকার কামালুজ্জামান, কমিশনার, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আয়োজনে: বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
	Ring the Bell for "Financial Literacy" প্রধান অতিথি: ডঃ স্বপন কুমার বালা, কমিশনার, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আয়োজনে: ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই)
০১ অক্টোবর ২০১৯	Seminar on the role of Independent directors to protect minority shareholders' interest প্রধান অতিথি: অধ্যাপক মোঃ হেলাল উদ্দিন নিজামী, কমিশনার, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আয়োজনে: ঢাকা স্টক এক্সচেঞ্জ (ডিএসই)
০২ অক্টোবর ২০১৯	Symposium on Investor Education and Protection টার্গেট অডিয়্যান্স: প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী প্রধান অতিথি: ড. এম. খায়রুল হোসেন, চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আয়োজনে: সেন্ট্রাল ডিপোজিটরী বাংলাদেশ লিমিটেড (সিডিবিএল)
০৩ অক্টোবর ২০১৯	Conference on awareness of retail investors regarding fixed income securities প্রধান অতিথি: ড. এম. খায়রুল হোসেন, চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন সেশন ১: Prospect and challenges of long term financing instruments প্রধান অতিথি: ডঃ স্বপন কুমার বালা, কমিশনার, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন সেশন ২: Investment in ABS and Sukuk প্রধান অতিথি: অধ্যাপক মোঃ হেলাল উদ্দিন নিজামী, কমিশনার, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আয়োজনে: বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বিএএসএম)
০৪-০৫ অক্টোবর ২০১৯	বিনিয়োগকারীদের বিনিয়োগ শিক্ষা ও সুরক্ষা বিষয়ে বাজার মধ্যস্থতাকারী কর্তৃক অনুষ্ঠান। ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড, চিটাগং স্টক এক্সচেঞ্জ লিমিটেড, ইস্ট-ওয়েষ্ট বিশ্ববিদ্যালয় এবং বাংলাদেশ মার্চেন্ট ব্যাংকার্স এসোসিয়েশন কর্তৃক সচেতনাতামূলক অনুষ্ঠান, আলোচনা এবং বিভিন্ন বিষয়ে সেমিনার আয়োজন।
০৫ অক্টোবর ২০১৯	বিনিয়োগকারীদের স্বার্থ সংরক্ষণ এবং আর্থিক স্বাক্ষরতা বিষয়ে দিনব্যাপী প্রশিক্ষণ। আয়োজনে: বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট
০৬ অক্টোবর ২০১৯	সমাপনী অনুষ্ঠান প্রধান অতিথি: জনাব ড. ম. খায়রুল হোসেন, চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

০৬/১০/২০১৯
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৩১

তারিখঃ ২৫ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
১০ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৬৯৯তম কমিশন সভা আজ কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নি:..ত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. সভায় আইডিএলসি ভেঞ্চার ক্যাপিটাল ফান্ড নামে একটি বিকল্প বিনিয়োগ তহবিল এর নিবন্ধন প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ভেঞ্চার ক্যাপিটাল ফান্ডটির আকার ৪৫ (পঁয়তাল্লিশ) কোটি টাকা এবং মেয়াদ হবে ৭ (সাত) বছর। ফান্ডটির উদ্যোক্তা আইডিএলসি ফাইন্যান্স লিঃ, ফান্ড ম্যানেজার আইডিএলসি এ্যাসেট ম্যানেজমেন্ট লিঃ এবং ট্রাস্টি গ্রীন ডেল্টা ইনসুরেন্স কোম্পানী লিঃ। ফান্ডটি মূলত Fintech, Entertainment and Lifestyle, Enterprise Solutions, Travel and Logistics, Core Technologies, Education Tech, Food-Tech and Agri-Tech, Internet Devices ইত্যাদি খাতে বিনিয়োগ করবে।

২. মোঃ ফখরুল ইসলাম সিকিউরিটিজ লিমিটেড (ডিএসই ট্রেক নং- ৯০) এর বিরুদ্ধে জনাব এস.কে. মো: তারেক আমান-এর অভিযোগের ভিত্তিতে কমিশনের পত্র নং- BSEC/SRI/ DSE-Complaints-39/2018/418 তারিখ May 24, 2018 অনু..ী ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর তদন্ত প্রতিবেদনে নিম্নিলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়টি উল্লেখ করা হয়েছে:

(ক) জনাব এস.কে. মো: তারেক আমান-এর পক্ষ থেকে বর্ণিত স্টক ব্রোকার টাঃ ১,৩০,০০০/- গ্রহণ করে, কিন্তু উক্ত অর্থ তার লেজার একাউন্টে জমা না হওয়ার কারণে এমডি ফখরুল ইসলাম সিকিউরিটিজ লিমিটেড সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১১ এ উল্লেখিত দ্বিতীয় তফসিল এর আচরণবিধি ১ এবং Securities and Exchange Rules, 1987 এর Rule 8A (2) ভঙ্গ করেছিলেন; এবং

(খ) মোঃ ফখরুল ইসলাম সিকিউরিটিজ লিমিটেড তাদের কোম্পানীর গ্রাহকদের সিকিউরিটিজ সংক্রান্ত রেকর্ড সঠিকভাবে পরিচালিত না করায় Securities and Exchange Ordinance, 1969 এর Section 21(2) এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর আওতায় প্রদত্ত নিবন্ধন সনদের ৪নং শর্ত অনুযায়ী কমিশন কর্তৃক নিয়োজিত পরিদর্শন টিমকে চাহিদাকৃত দলিলাদি ও তথ্য সরবরাহ না করায় উক্ত শর্ত ভঙ্গ করেছিলেন।

এনফোর্সমেন্ট কাযক্রম গ্রহণকালে উক্ত সিকিউরিটিজ আইনসমূহ পরিপালন করায় ইতোমধ্য লঙ্ঘনসমূহ দুরিভূত হয়েছে। তবে ভবিষ্যতে একইরূপ লঙ্ঘন থেকে বিরত থাকার ব্যাপারে কমিশন অদ্যকার সভায় মোঃ ফখরুল ইসলাম সিকিউরিটিজ লিমিটেড -কে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৩. ইউনাইটেড এন্টারপ্রাইজেস অ্যান্ড কোম্পানী লিমিটেড (ডিএসই ট্রেক নং- ২০৭) কর্তৃক ৩০ জুন, ২০১৭- এ সমাপ্ত বৎসরের নিরীক্ষিত আর্থিক হিসাব বিবরণী উক্ত বৎসর শেষ হওয়ার চার মাসের মধ্যে সংশ্লিষ্ট স্টক এক্সচেঞ্জের মাধ্যমে কমিশনের নিকট দাখিল করতে ব্যর্থ হওয়ায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক-ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা, ২০০০ এর বিধি ১৩(৪) লংঘন হয়।

এনফোর্সমেন্ট কাযক্রম গ্রহণকালে উক্ত সিকিউরিটিজ আইন পরিপালন করায় ইতোমধ্য লঙ্ঘনসমূহ দুরিভূত হয়েছে। তবে ভবিষ্যতে একইরূপ লঙ্ঘন হতে বিরত থাকার ব্যাপারে কমিশন অদ্যকার সভায় ইউনাইটেড এন্টারপ্রাইজেস অ্যান্ড কোম্পানী লিমিটেড -কে স..ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৪. ইসি সিকিউরিটিজ লিমিটেড কমিশনের পূর্বানুমতি ব্যতিরেকে সিইও/ম্যানেজিং ডিরেক্টর নিয়োগ/পুন:নিয়োগ দিয়ে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (মার্চেন্ট ব্যাংকার ও পোর্টফোলিও ম্যানেজার) বিধিমালা, ১৯৯৬ এর বিধি ৩৭ (১), ৩৭ (২), ৩৭ (৩) ভঙ্গ করেছে। এনফোর্সমেন্ট কাযক্রম গ্রহণকালে উক্ত সিকিউরিটিজ আইনসমূহ পরিপালন করায় ইতোমধ্য লঙ্ঘনসমূহ দুরিভূত হয়েছে। তবে ভবিষ্যতে একইরূপ লঙ্ঘন হতে বিরত থাকার ব্যাপারে কমিশন অদ্যকার সভায় ইসি সিকিউরিটিজ লিমিটেড -কে সতর্ক করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৫. ঢাকা স্টক এক্সচেঞ্জ লিমিটেড এর পরিদর্শন প্রতিবেদনে মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিমিটেড (ডিএসই ট্রেক নং- ২২৩) কর্তৃক নিম্নলিখিত সিকিউরিটিজ আইন ভঙ্গের বিষয়গুলি উল্লেখ করা হয়েছে:

(ক) মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিমিটেড তাদের কোম্পানীর ডিলার হিসাবে প্রয়োজনীয় লেনদেন না হওয়ায় সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (স্টক-ডিলার, স্টক ব্রোকার ও অনুমোদিত প্রতিনিধি) বিধিমালা ২০০০ এর আওতায় প্রদত্ত নিবন্ধন সনদের ক্ষেত্রে প্রযোজ্য শর্তাবরী-১১ লংঘন করেছে;

(খ) মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিমিটেড তাদের কোম্পানী এবং কর্মচারীদের আত্মীয়দের মার্জিন সুবিধা প্রদানের মাধ্যমে কমিশনের Directive No. SEC/CMRRCD/2001-43/31 dated March 23, 2010 লংঘন করেছে;
কোম্পানী এবং কর্মচারীদের আত্মীয়দের মার্জিন সুবিধা প্রদানের জন্য কোম্পানী এবং কোম্পানীর সিইও-কে ইতোপূর্বে প্রদত্ত জরিমানা আদেশের অবশিষ্ট সম্পূর্ণ অর্থ আগামী ১৪.১১.২০১৯ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে এবং তাদের মার্জিন ঋণ আগামী ১৪.১১.২০১৯ তারিখের মধ্যে সমন্বয় করতে হবে। অন্যথায় মিরর ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট লিমিটেড এর Free Limit সুবিধা বাতিল করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়;

এছাড়া কোম্পানী ডিলার হিসাবে ১৪.১১.২০১৯ তারিখের মধ্যে লেনদেন শুরু না করলে ডিলার হিসেবে নিবন্ধন সনদ বাতিল করার পদক্ষেপ নেওয়ারও সিদ্ধান্ত গৃহীত হয়।

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৩৩

তারিখঃ ২৮ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
১৩ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭০০তম জরুরি কমিশন সভা অদ্য ১৩/১০/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. LR Global Bangladesh Asset Management Company Ltd. নামক সম্পদ ব্যবস্থাপনা কোম্পানী কর্তৃক বা উহার ব্যবস্থাপনাধীন ফান্ডসমূহ হতে bdnew24.com-এ ৫০ (পঞ্চাশ) কোটি টাকা বিনিয়োগ শীর্ষক সংবাদের প্রতি কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এ সংক্রান্ত সমুদয় তথ্যাদি আগামী চব্বিশ ঘন্টার মধ্যে কমিশনে দাখিল করার জন্যে উক্ত সম্পদ ব্যবস্থাপক কোম্পানী কে নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। কমিশন কর্তৃক এতদসংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রাপ্তি ও বিশ্লেষনের পূর্বে উল্লেখিত বিনিয়োগ ও বিনিয়োগ সংক্রান্ত কার্যক্রম হতে বিরত থাকার জন্যে সংশ্লিষ্ট সকল পক্ষসমূহকে নির্দেশ প্রদানের সিদ্ধান্তও সভায় গৃহীত হয়।

২. শাহ মোহাম্মদ সগির এন্ড কোম্পানী লি:, ডিএসই ট্রেক নং ১৭১, এক মাসে দুইবার সেটেলমেন্ট ব্যর্থতার কারণে বর্তমানে ডিএসই'র নির্দেশে উক্ত স্টক ব্রোকারের লেনদেন স্থগিত রাখা হয়েছে। এছাড়াও, উক্ত স্টক ব্রোকারের Consolidated Customer Account-এ ১.৯৮ কোটি টাকা ঘাটতি রয়েছে। ইতোমধ্যে কমিশনের অনলাইন Customer Complaint Address Module (CCAM)-এ শাহ মোহাম্মদ সগির এন্ড কোম্পানী লি: এর বিরুদ্ধে বিনিয়োগকারীদের ৬টি অভিযোগ জমা হয়েছে। উল্লেখিত অনিয়মের বিষয় উদ্ঘাটনের জন্য আজকের সভায় শাহ মোহাম্মদ সগির এন্ড কোম্পানী লি:-এ ডিএসই কর্তৃক পরিদর্শন (inspection) কার্যক্রম পরিচালনা করার জন্য একটি পরিদর্শন দল গঠন করার নির্দেশ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। ডিএসই পরিদর্শন দল দুই সপ্তাহের মধ্যে কমিশনে প্রতিবেদন দাখিল করবে। এছাড়াও, শাহ মোহাম্মদ সগির এন্ড কোম্পানী লি: এর ডিপোজিটরি পার্টিসিপেন্ট (DP) সনদ স্থগিত (suspend) রাখার সিদ্ধান্তও গৃহীত হয়। উল্লেখ্য, শাহ মোহাম্মদ সগির এন্ড কোম্পানী লি: এর ডিপি কার্যক্রম স্থগিত থাকাকালীন সময়ে উক্ত প্রতিষ্ঠানের কোন বিও হিসাবধারক চাইলে লিংক একাউন্টের মাধ্যমে তাঁর শেয়ার স্থানান্তর করতে পারবেন। এই জন্য ডিএসই/সিডিবিএল-এ যোগাযোগ করতে হবে।

১৩/১০/২০১৯

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

সূত্র নং- বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/১৩৪

তারিখঃ ০১ কার্তিক ১৪২৬ বঙ্গাব্দ
১৭ অক্টোবর ২০১৯ খ্রিষ্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

৭০১তম কমিশন সভা অদ্য ১৭/১০/২০১৯ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তও গৃহীত হয়েছেঃ

১. কমিশন অদ্যকার সভায় আশুগঞ্জ পাওয়ার স্টেশন কোম্পানি লিমিটেড এর আবেদনের প্রেক্ষিতে বন্ড মার্কেট উন্নয়ন ও বিনিয়োগকারীদের স্বার্থ সুরক্ষায় Securities and Exchange Ordinance, 1969 এর Section 2CC –তে প্রদত্ত ক্ষমতাবলে আলোচ্য কোম্পানির ১০০ (একশত) কোটি টাকার বন্ড ইস্যুর জন্য Bangladesh Securities and Exchange Commission (Public Issue) Rules, 2015 এর Rule 3(3)(b), Rule 6(1) এবং Rule 7(2) এর বিধানসমূহ পরিপালনের বাধ্যবাধকতা থেকে অব্যাহতি প্রদান করেছে। এছাড়াও কমিশন পূর্বে ইস্যুকৃত সম্মতিপত্রের শর্তসমূহে কিছু পরিবর্তন ও সংযোজন করে উক্ত বন্ডের অনুত্তোলিত (Unsubscribed) অংশের চাঁদা সংগ্রহের তারিখ নভেম্বর ১৮, ২০১৯ ইং পর্যন্ত বর্ধিত করেছে।

২. কমিশন প্যানেল অব অডিটরস এর বিদ্যমান তালিকা অডিট ফার্ম এবং যথাযথ প্রক্রিয়ায় উক্ত প্যানেলে অন্তর্ভুক্ত ফার্মওয়ারী অংশীদার চাটার্ড একাউন্ট্যান্টগণের নামসহ প্রকাশ করবে। এছাড়া প্যানেল অব অডিটরস এর তালিকায় ফার্ম-ওয়ারী অংশীদারগণ ব্যতীত কোন চর্চারত (Practicing) চাটার্ড একাউন্ট্যান্ট নিরীক্ষক হিসেবে তালিকাভুক্ত ও গণপ্রস্তাবে আবেদনকারী কোম্পানির নিরীক্ষা কার্যক্রম পরিচালনা করতে পারবেন না।

১৭/১০/২০১৯

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।

বিএসইসি প্রেস নির্দেশনা/আদেশ/নোফিকেশন

সূত্র নং- এসইসি/এমএফএন্ডএসপিভি/এমএফ-২/২০০৯/১১৯৪ ১৩ অক্টোবর ২০১৯

নির্দেশনা

যেহেতু bdnews24.com এ ৫০ কোটি টাকা বিনিয়োগ শীর্ষক সংবাদের প্রতি কমিশনের দৃষ্টি আকর্ষিত হয়েছে. বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এই মর্মে সিদ্ধান্ত গ্রহন করিয়াছে যে, পুঁজিবাজারের অব্যাহত উন্নয়ন এবং বিনিয়োগকারীদের স্বার্থে মিউচ্যুয়াল ফান্ড সম্পর্কিত কতিপয় নির্দেশনা প্রয়োজন;

অতএব, সেহেতু, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969) এর Section 20A-তে প্রদত্ত ক্ষমতাবলে মিউচ্যুয়াল ফান্ড ও উহার সংশ্লিষ্ট সকল পক্ষসমূহের ক্ষেত্রে এতদ্বারা নিম্নরূপ আদেশ প্রদান করিল, যথাঃ-

এল আর গ্লোবাল বাংলাদেশ অ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানী লিমিটেড নামক সম্পদ ব্যবস্থাপক কর্তৃক বা উহার ব্যবস্থাপনাধীন ফান্ডসমূহ হতে bdnews24.com এ ৫০ কোটি টাকা বিনিয়োগ ও বিনিয়োগ সংক্রান্ত সকল কার্যক্রম এর সমূদয় তথ্যাদি আগামী ২৪ ঘন্টার মধ্যে কমিশনে দাখিল করার জন্য সংশ্লিষ্ট সম্পদ ব্যবস্থাপক কোম্পানীকে নির্দেশ প্রদান করা হইল। কমিশন কর্তৃক এতদ্‌সংক্রান্ত পূর্ণাঙ্গ তথ্য প্রাপ্তি ও বিশ্লেষণের পূর্বে উল্লেখিত বিনিয়োগ ও বিনিয়োগ সংক্রান্ত সকল কার্যক্রম হতে বিরত থাকার জন্য সংশ্লিষ্ট সকল পক্ষকে নির্দেশ প্রদান করা হইল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পক্ষে

মোঃ মাহমুদুল হক
পরিচালক।

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১, ২০১৯

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

Bangladesh Securities and Exchange Commission

NOTIFICATION

Dated 20 June 2019

No. BSEC/CMRRCD/2009-193/225/Admin/96—In exercise of the power conferred by section 29 of the Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969), the Bangladesh Securities and Exchange Commission hereby repeals the Notification No.SEC/CMRRCD/2009-193/170/Admin/60 dated 11 June 2015, published in the official Gazette on 30 June 2015.

By order of the Bangladesh Securities and Exchange Commission

Dr. **M. KHAIRUL HOSSAIN**
Chairman.

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(২০৪২৭)
মূল্য : টাকা ৪·০০

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১, ২০১৯

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

Bangladesh Securities and Exchange Commission

ORDER

Dated : 20 June 2019

No. **BSEC/CMRRCD/2009-193/223/Admin/94**—In exercise of the power conferred by section 2D of the Securities and Exchange Ordinance, 1969 (Ordinance No. XVII of 1969), the Bangladesh Securities and Exchange Commission hereby grants exemption to all issuers or companies except the issuers of listed equity securities, from the provision of section 2A(2)(a) of the said Ordinance in respect of raising capital through issuance of equity security.

The following Orders are hereby repealed:

(a) Order No. SEC/CFD-71/2001/Admin/10 dated 28 March 2001, published in the official Gazette on 29 April 2001;

(b) Order No. SEC/CMRRCD/2001-18/343/02-05 dated 19 August 2004, published in the official Gazette on 02 October 2004;

(c) Order No. BSEC/CMRRCD/2009-193/193/Admin-73 dated 20 September 2016, published in the official Gazette on 24 November 2016;

(d) Order No. BSEC/CMRRCD/2009-193/211/Admin/84 dated 22 October 2018, published in the official Gazette on 28 November 2018.

By order of the Bangladesh Securities and Exchange Commission

DR. M. KHAIRUL HOSSAIN
Chairman.

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(২০৪২৩)
মূল্য ঃ টাকা ৪.০০

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১, ২০১৯

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

Bangladesh Securities and Exchange Commission

NOTIFICATION

Dated : 20 June 2019

No.BSEC/CMRRCD/2009-193/226/Admin/97—Whereas, the Bangladesh Securities and Exchange Commission deems it fit that the consent already accorded by the Commission, or to be accorded by it in future, to the issue of capital in Bangladesh, or public offer of securities for sale shall be subject to certain further conditions in the interest of investors and the capital market;

Now, therefore, in exercise of the power conferred by section 2CC of the Securities and Exchange Ordinance, 1969, (Ordinance No. XVII of 1969), the Commission hereby imposes the following further conditions to the consent already accorded by it, or to be accorded by it in future, to the issue of capital in Bangladesh, or public offer of securities for sale, namely :—

1. Condition for Initial Public Offer (IPO).—

No issuer of a listed security shsll utilize more than 1/3 (one-third) of the fund raised through IPO for the purpose of loan repayment.

2. Conditions for Rights Issue.—

(1) No issuer of a listed security shall take decision to issue rights shares within 2 (two) years from the date of publication of prospectus for IPO and before full utilization of fund raised through IPO or previous rights issue or repeat public offer (RPO), as the case may be.

(২০৪২৯)
মূল্য : টাকা ৪·০০

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, সেপ্টেম্বর ৩, ২০১৯

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

Bangladesh Securities and Exchange Commission
Securities Commission Bhaban
E-6/C Agargaon
